দেশসেরা স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্ন

# বাংলা প্রথম পত্র

মডেল টেস্ট- ০১

## রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

**বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা**

বিষয় কোড : 1 0 1

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'সুভা' গল্পে সুভার নিজেকে 'বিধাতার অভিশাপ' ভাবার কারণ কী?**
ⓚ সমবয়সিদের আচরণ ⓚ কথা বলতে পারে না বলে
ⓖ সকলের দুশ্চিন্তা প্রকাশে ⓖ মায়ের বিরক্তি প্রদর্শনে

**২. 'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল প্রতিপাদ্য কী?**
ⓚ চিরায়ত শৈশব ⓚ প্রকৃতিপ্রেম ⓖ দারিদ্র্য ⓖ জীবনঘনিষ্ঠতা

**৩. কোন যুদ্ধে হজরত মুহম্মদ (স.)-এর পরাজয়ের মিথ্যা সংবাদ শোনা গিয়েছিল?**
(ক) বদর যুদ্ধে (খ) ওহুদ যুদ্ধে (গ) আহযাবের যুদ্ধে (ঘ) খয়বরের যুদ্ধে

**৪. 'বই পড়া' প্রবন্ধে লেখকের মতে সাহিত্যচর্চা হলো–**
i. আনন্দের সর্বপ্রধান অঙ্গ ii. জ্ঞানের সর্বপ্রধান অঙ্গ iii. শিক্ষার সর্বপ্রধান অঙ্গ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৫. সরস প্রাণের জীবন্ত উৎস কোনটি?**
(ক) ছড়া (খ) ডাক (গ) প্রবাদ (ঘ) খনার বচন

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মুদি দোকানদার আক্কাস প্রাতিষ্ঠানিক শিক্ষা না পেলেও শিক্ষার গুরুত্ব বোঝে। নিজ প্রচেষ্টায় সে লেখাপড়া করেছে। গ্রামের দরিদ্র ছেলেমেয়েরা যাতে শিক্ষা থেকে বঞ্চিত না হয়, সেজন্য সে দোকানেই একটি খুদে পাঠাগার স্থাপন করে।

**৬. উদ্দীপকের আক্কাসের সঙ্গে 'বই পড়া' প্রবন্ধের কোন বাক্যটি সাদৃশ্যপূর্ণ?**
(ক) সাহিত্যের মাধ্যমে আমাদের জাতি মানুষ হবে
(খ) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত
(গ) পাশ করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়
(ঘ) ধনের সৃষ্টি যেমন জ্ঞান সাপেক্ষ তেমনি জ্ঞানের সৃষ্টি মন সাপেক্ষ

**৭. উদ্দীপকের আক্কাসের খুদে পাঠাগার স্থাপন 'বই পড়া' প্রবন্ধের লেখকের কোন প্রত্যাশা পূরণ করেছে?**
i. লাইব্রেরি প্রতিষ্ঠা ii. সাহিত্যচর্চার মাধ্যমে শিক্ষিত হওয়া iii. ডেমোক্রেসির সার্থকতা বোঝানো
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৮. 'বলিস নে মা বলিসনে আমার বড্ড ভয় করে।'– কেন ভয় করে?**
(ক) রূপকথার গল্প শুনে (খ) মৃত্যুর কথা মনে করে
(গ) শ্মশানের দৃশ্য দেখে (ঘ) ভূতের গল্প শুনে

**৯. 'কবিরাজরা প্রশংসায় পঞ্চমুখ'– কেন?**
(ক) নিমগাছ উপকারী (খ) ফুল দেখতে সুন্দর
(গ) পরিবেশবান্ধব (ঘ) যত্ন করতে হয় না

**১০. কাজী নজরুল ইসলাম তাঁর কবিতাকে বিশিষ্টতা দান করেছেন কীভাবে?**
(ক) পৌরাণিক ও ঐতিহাসিক চরিত্র ব্যবহার করে
(খ) বিদ্রোহ ঘোষণা করে
(গ) আরবি-ফারসি শব্দের সার্থক ব্যবহার করে
(ঘ) সংস্কৃত শব্দের সার্থক ব্যবহার করে

**১১. কোন বোধটি মানুষের মনুষ্যত্বের পরিচায়ক?**
i. লোভে পাপ পাপে মৃত্যু ii. অর্থসাধনা জীবনসাধনা নয়
iii. অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়ো
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১২. তামাম আফগানিস্তানে মশহুর বলা হয়েছে কোনটিকে?**
(ক) ফালুদা (খ) বাগেবালার বরফি আঙুর
(গ) মাংসের কোরমা (ঘ) আস্ত উটের রোস্ট

**১৩. 'কপোতাক্ষ নদ' কবিতায় স্মৃতিকাতরতার আবরণে কী প্রকাশিত হয়েছে?**
i. শৈশবস্মৃতি ii. নদীর প্রতি ভালোবাসা iii. দেশপ্রেম
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৪. 'জীবাত্মা অনিত্য নয়' বলতে 'জীবন-সংগীত' কবিতায় কবি কী বুঝিয়েছেন?**
(ক) আত্মার অবিনশ্বরতা (খ) মানবজন্ম অত্যন্ত মূল্যবান
(গ) সাধনার দ্বারা অমরত্ব লাভ (ঘ) জীবনের ক্ষণস্থায়িত্ব

**১৫. 'চপল পায় কেবল ধাই'– 'ঝরনার গান' কবিতায় এ পঙ্‌ক্তির মাধ্যমে কী প্রকাশিত হয়েছে?**
(ক) গতিময়তা (খ) সৌন্দর্যপ্রীতি (গ) প্রকৃতিচেতনা (ঘ) শঙ্কাহীনতা

**১৬. 'শুনো হে মানুষ ভাই
সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই।'– উক্ত চরণের মধ্যে কোন কবিতার মূলবক্তব্য প্রকাশিত হয়েছে?**
(ক) আমার পরিচয় (খ) মানুষ (গ) জীবন-সঙ্গীত (ঘ) রানার

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
i. পৃথিবীতে সব কিছু জীর্ণ হয়, হারিয়ে যায়, প্রাচীন সভ্যতা নিশ্চিহ্ন হয়, বিমূঢ় লোকালয় নিঃশেষ হয়।
ii. অপরদিকে সমুদ্রের কোনো শেষ নেই, সমুদ্র সর্বদাই স্বতন্ত্র এবং নিশ্চিন্ত।

**১৭. উদ্দীপক i-এর সঙ্গে 'সেইদিন এই মাঠ' কবিতার সাদৃশ্যপূর্ণ চরণ হলো–**
(ক) সেই দিন এই মাঠ স্তব্ধ হবে নাকো জানি-
(খ) সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে–
(গ) চালতাফুল কি আর ভিজিবে না শিশিরের জলে
(ঘ) এশিরিয়া ধুলো আজ - বেবিলন ছাই হয়ে আছে।

**১৮. উদ্দীপক ii এবং 'সেইদিন এই মাঠ' কবিতায় যে ভাব প্রকাশিত হয়েছে-**
i. প্রাণময়তা ii. ব্যস্ততা iii. সৌন্দর্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৯. 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় 'লালসালু' কীসের প্রতীক?**
(ক) সংগ্রামী চেতনা (খ) ঐক্যের (গ) প্রতিবাদের (ঘ) দেশপ্রেমের

**২০. 'নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায় ॥'– 'বঙ্গবাণী' কবিতায় কাদের সম্পর্কে কবি এ উক্তি করেছেন?**
(ক) যারা নিজ দেশ ও ভাষা সম্পর্কে দ্বিধান্বিত
(খ) যারা নিজের আসল পরিচয় সম্পর্কে সন্দিহান
(গ) শিকড়হীন পরগাছা স্বভাবের লোকদের (ঘ) ভিনদেশি ভাষাপ্রেমী যারা

**২১. 'চির কবিতার দেশ...'-এর মাধ্যমে 'সাহসী জননী বাংলা' কবিতায় কবি বাংলাদেশের কোন বৈশিষ্ট্য তুলে ধরেছেন?**
(ক) কবিতায় সমৃদ্ধ বাংলাদেশ (খ) বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য
(গ) কবিদের পরিচয় (ঘ) কবিতার প্রেরণা বাংলাদেশ

**২২. 'জুতা-আবিষ্কার' কবিতার মূল উপজীব্য বিষয় কোনটি?**
(ক) জুতা আবিষ্কার করা (খ) জুতার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করা
(গ) ধুলাবালি থেকে রাজার পা দুটিকে মুক্ত রাখা
(ঘ) চর্মকারের বুদ্ধির পরিচয় তুলে ধরা

**২৩. কবি জসীমউদ্‌দীনের ভ্রমণকাহিনিমূলক প্রবন্ধ কোনটি?**
(ক) মাটির কান্না (খ) চলে মুসাফির (গ) রাখালী (ঘ) নক্সী-কাঁথার মাঠ

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
অসংখ্য মানুষ পিঁপড়ের মতো ছুটছিল। মাথায় সুটকেস, বগলে কাপড়ের গাঁটরি, হাতে হারিকেন, কোমরে বাচ্চা।

**২৪. উদ্দীপকের বোঝা বহনের ক্ষেত্রে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রটির মিল খুঁজে পাওয়া যায়?**
(ক) হরিকাকু (খ) ফজু চাচা (গ) নোলক বুয়া (ঘ) আতা ফুফু

**২৫. উদ্দীপকের মূলভাবের মধ্য দিয়ে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিষয়টি ফুটে উঠেছে তা হলো–**
i. মুক্তিযুদ্ধের সময় মানুষের অসহায়ত্ব
ii. পাকিস্তানি বাহিনীর অত্যাচারে উদ্‌বাস্তু মানুষের ভোগান্তি
iii. মুক্তিপাগল জনতার ঐক্য ও সংগ্রামী চেতনা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৬. বিদেশি মানুষ এবং নিজেদের মানুষ সবার উপর বুধার ঘৃণা বাড়তে থাকার কারণ কী?**
(ক) যুদ্ধ করার জন্য (খ) অত্যাচার করার জন্য
(গ) বিরোধিতার জন্য (ঘ) গণহত্যার জন্য

**২৭. করোনা মহামারির সময় গ্রামের মানুষজন বাঁচার জন্য তথাকথিত পিরের কাছে হাজির হয়। তাদের ধারণা, পিরের দেওয়া তাবিজ-কবচ তাদেরকে এ মহামারি থেকে মুক্ত রাখবে। 'বহিপীর' নাটকের যে সমস্যাটি উদ্দীপকে প্রতিফলিত হয়েছে–**
i. কুসংস্কার ii. সামাজিক ঐক্য iii. পিরভক্তি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৮. 'একটি স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারব।'– এ উক্তি দ্বারা হাশেম চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?**
(ক) আত্মবিশ্বাস (খ) সাহসিকতা (গ) নির্ভীকতা (ঘ) ধৈর্যশীলতা

**২৯. 'বহিপীর' নাটকটি কত সালে প্রকাশিত হয়?**
(ক) ১৯৬০ (খ) ১৯৬১ (গ) ১৯৬২ (ঘ) ১৯৬৩

**৩০. 'শাবাশ মেয়ে তুমি!'– এ উক্তিতে তাহেরা চরিত্রের কোন দিক প্রকাশিত হয়েছে?**
(ক) মানবিকতা (খ) সাহসিকতা (গ) উদাসীনতা (ঘ) দায়িত্ববোধ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | 1 | 0 | 1 |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১. সারা দিন খেলার সাথিদের নিয়ে বনবাদাড়ে, মাঠেঘাটে ঘুরে বেড়ায় মৃন্ময়ী। এর গাছের আম, ওর গাছের জাম, তার গাছের লিচু পেড়ে খাওয়াতেই তার যত আনন্দ। বাবার প্রতি তার প্রবল টান। ঘরে সে একমুহূর্তও স্থির থাকতে পারে না। তার এ চঞ্চলতার জন্য প্রতিবেশীদের অভিযোগের অন্ত নেই।

ক. হরিহর কোথায় তাগাদায় গিয়েছিল? ১
খ. 'তাহার স্বর একটু সতর্কতা মিশ্রিত।'– উদ্ধৃতিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের মৃন্ময়ীর সঙ্গে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের মিল আছে? আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের একটি বিশেষ ভাব প্রকাশিত হয়েছে মাত্র, সমগ্র ভাব নয়।"– উদ্ধৃতিটির সত্যাসত্য যাচাই করো। ৪

২. মানুষকেও তার অন্তরের পাখা মেলতে শিখতে হবে। তাকে শিখতে হবে কী করে বড়ো আকাঙ্ক্ষা করতে হয়। পেট ভরাতে হবে– এটা শেখার জন্য বেশি সাধনার প্রয়োজন নেই, কিন্তু পুরোপুরি মানুষ হতে হবে– এই শিক্ষার জন্য যে অপরিমিত আকাঙ্ক্ষার দরকার তা শেষ পর্যন্ত জাগিয়ে রাখার জন্য প্রয়োজন শিক্ষার।

ক. মোতাহের হোসেনের প্রবন্ধে কার প্রভাব লক্ষণীয়? ১
খ. 'অনুবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়ো।'– উদ্ধৃতিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের শিক্ষার উদ্দেশ্যের কী সাদৃশ্য লক্ষ করা যায়? আলোচনা করো। ৩
ঘ. 'মনুষ্যত্ব অর্জনই শিক্ষার মূল উদ্দেশ্য।'– উদ্দীপক এবং 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. তোমারে সেবিতে হইল যারা মজুর মুটে ও কুলি
তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি।
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদের গান
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান।

ক. কাদের অন্তর কাচের ন্যায় স্বচ্ছ? ১
খ. 'বোধন বাঁশিতে সুর দেওয়া' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো। ৩
ঘ. 'প্রান্তিক জনগোষ্ঠীর জাগরণ ব্যতীত জাতীয় উন্নয়ন ত্বরান্বিত হতে পারে না।'– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৪. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের ভয়াবহ দিনগুলোতে এ দেশের খুব কমসংখ্যক লোকই মা-মাটির সঙ্গে চরম বিশ্বাসঘাতকতা করে পাকিস্তানিদের পক্ষ নেয়। পক্ষান্তরে এ দেশের মুক্তিপাগল বীরযোদ্ধারা অন্যায়ের কাছে কোনো রকম আপস করেননি। এমনকি নিজেদের আপনজনদের বাঁচাতেও হানাদারের সামনে মাথা নত করেননি।

ক. স্বাধীন বাংলা বেতারে সালেহ আহমেদ ছদ্মনামের খবর পাঠক কে? ১
খ. 'অবরুদ্ধ নিষ্ক্রিয়তায় ওরা হাঁপিয়ে উঠবে না।'– উদ্ধৃতিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের মুক্তিযোদ্ধাদের সঙ্গে 'একাত্তরের দিনগুলি' রচনার শরীফ সাহেবের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনার খণ্ডচিত্র মাত্র।"– মন্তব্যটি তোমার মতামতের আলোকে বিশ্লেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. সময় গেলে সাধন হবে না
দিন থাকিতে দিনের সাধন কেন জানলে না।
জানো না মন খালে-বিলে
মীন থাকে না জল শুকালে
কী হয় তার বাঁধন দিলে শুকনা মোহনা।

ক. এ জগতে দুর্লভ কী? ১
খ. কবি সংসারকে 'সমরাঙ্গন' বলেছেন কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকে উলিখিত বিষয় ছাড়াও 'জীবন-সঙ্গীত' কবিতায় উঠে এসেছে জীবনের আরও কিছু লক্ষ্য-উদ্দেশ্য।"– মন্তব্যটির সপক্ষে যুক্তি দাও। ৪

৬. 'বাঙালি শুধু লাঠি দিয়েই দেড় শত বছর আগেও তার স্বাধীনতাকে অক্ষুণ্ণ রাখতে চেষ্টা করেছে। আজ বাংলার ছেলেরা স্বাধীনতার জন্য যে আত্মদান করেছে, যে অসীম সাহসিকতার পরিচয় দিয়েছে, ইতিহাসে তা থাকবে স্বর্ণরেখায় লিখিত। বাংলা সর্ব ঐশী শক্তির পীঠস্থান। ... এখানে সে শাসনকর্তা হয়ে এসেছে সেই স্বাধীনতা ঘোষণা করেছে। বাংলার আবহাওয়ায় আছে স্বাধীনতা মন্ত্রের সঞ্জীবনী শক্তি। আমাদের বাংলা নিত্য মহিমাময়ী, নিত্য সুন্দর, নিত্য পবিত্র।'

ক. 'মহুয়ার পালা' কী? ১
খ. 'সব বিভেদের রেখা মুছে দিয়ে সাম্যের ছবি আঁকবই।'– পঙ্ক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকটি 'আমার পরিচয়' কবিতার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? আলোচনা করো। ৩
ঘ. উদ্দীপকটিকে 'আমার পরিচয়' কবিতার সারবস্তু বলা যায় কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭. রাজার নির্দেশে মন্ত্রীগণ ব্যস্ত হয়ে পড়ে পাখিকে কথা শেখানোর জন্য। কিন্তু পাখিকে কীভাবে কথা বলা শেখাবে তা নিয়ে সবাই চিন্তিত। অনেকে অনেকভাবে কথা বলা শেখানোর প্রস্তাব দেয়। কেউ বলে বইয়ের পাতাগুলো পাখিকে খাওয়ানোর ব্যবস্থা করো। কেউ বলে পাখিটাকে পণ্ডিত মশায়ের বিদ্যালয়ে পাঠিয়ে দাও। কেউ বলে পাখিটাকে ওর মতো থাকতে দাও, সে নিজ থেকেই কথা বলা শিখবে।

ক. 'জুতা-আবিষ্কার' কবিতায় কত পিপে নস্য ফুরিয়ে গেল? ১
খ. 'ডাঙার প্রাণী সাঁতার করে চেষ্টা।' কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'জুতা-আবিষ্কার' কবিতার কোন দিকটি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "সাদৃশ্য থাকলেও উদ্দীপকটি 'জুতা-আবিষ্কার' কবিতার সমগ্র ভাবের প্রকাশ ঘটাতে পারেনি।"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. আব্দুল ঈদের ছুটিতে স্ত্রী-সন্তানদের নিয়ে গ্রামের বাড়ি পিরোজপুরে যাচ্ছিলেন। পথে লঞ্চ দুর্ঘটনায় স্ত্রী ও দুই সন্তান মারা যায়। তিনি কোনো রকমে সাঁতরে বেঁচে যান। আপনজনদের হারিয়ে শোকে পাথর হয়ে যান তিনি, কাঁদতেও পারেন না। চাকরি কাজকর্ম ছেড়ে দিয়ে পথে পথে ঘুরে বেড়ান আব্দুল। এখন সবাই তাকে পাগল বলে।

ক. হরিকাকু বুধাকে কী বলে ডাকত? ১
খ. 'যে পালায় সে ভীতু।'– কথাটি বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকটি কোন দিক দিয়ে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. "আব্দুলের পাথর হয়ে যাওয়া আর 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার শক্ত হয়ে যাওয়ার ঘটনা যেন এক সূত্রে গাঁথা।"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৯. সলিমপুর গ্রামের অলস নিষ্কর্মা ছেলে জগেশচন্দ্র। সংসারে তার বিন্দুমাত্র আগ্রহ নেই। সারা দিন ঘুরে বেড়িয়ে তার সময় কাটে। কখনো নদীর পানিতে ছিপ পেতে বসে থাকে। কখনো আবার মানুষের সঙ্গে গল্পসল্প করে দিন পার করে। তবে একদিন সে রাস্তায় মুমূর্ষু অবস্থায় পড়ে থাকা একটি লোককে তুলে নিয়ে নানা রকম চিকিৎসা ও ভীষণ আন্তরিক সেবা-শুশ্রূষা দিয়ে সুস্থ করে তোলে। অলস অকর্মণ্য জগেশচন্দ্রের এমন কাণ্ড দেখে সবাই তো অবাক!

ক. তিনুর বয়স কত বছর? ১
খ. 'এবার মৃত্যুর উৎপাত শুরু করেছে ভিন্ন রকমের মানুষ।'– ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের জগেশচন্দ্রের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের মিল ও অমিল দেখাও। ৩
ঘ. 'চরিত্র দুটির মধ্যে সাদৃশ্য থাকলেও উভয়কে একসূত্রে গাঁথা চলে না।'– উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০. সড়ক দুর্ঘটনায় প্রাণে বেঁচে যায় গৃহবধূ রহিমা বানু। তাকে হাসপাতালে নিয়ে সুস্থ করে তোলেন নাঈম সাহেব। দুর্ঘটনার স্থানে কিছু লোক সাহায্য না করে লুটপাট করছিল। নাঈম সাহেব যথাসময়ে চলে আসায় রহিমা বানুর দ্রুত চিকিৎসা হয় এবং মালামাল রক্ষা পায়।

ক. হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১
খ. হকিকুলাহ্ পুলিশ ডাকতে গিয়ে ফিরে এসেছিল কেন? ২
গ. উদ্দীপকের নাঈম সাহেবের ভূমিকা 'বহিপীর' নাটকের হাতেম আলির সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকে রহিমা বানুর সড়ক দুর্ঘটনা 'বহিপীর' নাটকে সৃষ্ট দুর্ঘটনারই প্রতিরূপ।"– মতামত ব্যক্ত করো। ৪

১১. ছরমত আলির তিন মেয়ে। অভাবের সংসারে মেয়েদের লেখাপড়ার খরচ চালাতে নারাজ ছরমত আলি। সে চায় দ্রুত মেয়েদের বিয়ে দিতে। বরের বয়স কোনো ব্যাপার না ছরমত আলির কাছে। বেশি হলেও সমস্যা নেই। কিন্তু ছরমত আলির স্ত্রী সখিনা এ ব্যাপারে বেশ কঠোর। সে চায় হাঁস-মুরগি পালন করে আয় বাড়িয়ে মেয়েদের লেখাপড়া করাতে। তারপর উপযুক্ত পাত্র দেখে মেয়েদের বিয়ের ব্যবস্থা করতে।

ক. তাহেরা কোন ঘাট থেকে বজরায় উঠেছিল? ১
খ. পির সাহেবকে বহিপীর বলার কারণ কী? ২
গ. ছরমত আলির সঙ্গে তাহেরার বাবার কোনো সাদৃশ্য আছে কি? থাকলে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "ছরমত আলির স্ত্রী সখিনা 'বহিপীর' নাটকের খোদেজার চাইতে অনেক বেশি সচেতন মহিলা।"– বক্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

মডেল টেস্ট- ০২

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

## বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট | পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মানবপ্রেম বা ভালোবাসার মধ্যে নিহিত থাকে–**
ক জীবনের সার্থকতা　খ ভাবনাহীন জীবন
গ মনুষ্যত্বের আলো　ঘ জীবনের মহত্ত্ব

**২. রানারের জীবনের দুঃখ কেবল জানবে–**
i. রাতের তারা　ii. পথের তৃণ　iii. জোনাকির আলো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**৩. মিছামণি মুক্তা হেম, স্বদেশের প্রিয় প্রেম, তার চেয়ে রত্ন নাই আর। উপর্যুক্ত কবিতাংশটি কোন কবিতার ভাবধারা সমর্থন করে?**
ক আমার পরিচয়　খ কপোতাক্ষ নদ
গ আমি কোনো আগন্তুক নই　ঘ বঙ্গবাণী

**৪. 'জীবে প্রেম করে যেইজন, সেইজন সেবিছে ঈশ্বর'– এই উক্তিটি কোন রচনার প্রতিপাদ্য বিষয়?**
ক আমার পরিচয়　খ মানুষ মুহম্মদ (স.)
গ নিয়তি　ঘ মানুষ

**৫. কবি জসীমউদ্‌দীনের কোন কাব্যগ্রন্থটি বিভিন্ন বিদেশি ভাষায় অনূদিত হয়েছে?**
ক নক্সী-কাঁথার মাঠ　খ সোজন বাদিয়ার ঘাট
গ রাখালী　ঘ এক পয়সার বাঁশি

**৬. এশিরিয়া কী?**
ক একটি মহাদেশের নাম　খ একটি সংস্কৃতির নাম
গ একটি জাতিগোষ্ঠীর নাম　ঘ একটি সভ্যতার নাম

❑ **গীতি কবিতাংশটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
সাগরের সৈকতে
কে যেন দূর হতে
আমারে ডেকে নিয়ে যায়
আয় আয় আয়
পারি না তবু যেতে
শেকল বাঁধা এ-ই দুটি পায়।

**৭. উদ্দীপকের গীতিকবিতাটি কোন গল্পের ভাবধারার সঙ্গে সাযুজ্যপূর্ণ?**
ক মমতাদি　খ অভাগীর স্বর্গ　গ নিমগাছ　ঘ সুভা

**৮. সাযুজ্যপূর্ণ গল্পটির রচয়িতা–**
ক মানিক বন্দ্যোপাধ্যায়　খ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ বনফুল　ঘ রবীন্দ্রনাথ ঠাকুর

**৯. মনুষ্যত্বের আহ্বান মানুষের মর্মে গিয়ে পৌঁছাতে দেরি হয় কেন?**
ক অন্নবস্ত্রের অভাবে　খ বিশৃঙ্খল পরিবেশের কারণে
গ শিক্ষার অভাবে　ঘ প্রাণিত্বের বাঁধন থেকে মুক্তির অভাবে

**১০. 'গুরুজনদের দিকে তাকাতে নেই।'– এটি আফগানিস্তানে কী হিসেবে গণ্য হয়?**
ক সংস্কার　খ বিশ্বাস　গ বদ্ধমূল ধারণা　ঘ সুন্দর আচরণ

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
আমার কেবল ইচ্ছে করে পাখির মতো উড়তে
ইচ্ছে বড়ো হৃদয় মাঝে যাযাবর হয়ে ঘুরতে,
আমার ইচ্ছে ঝরনার মতো দিগ্বিদিক দেখতে
পাহাড় থেকে জলের স্রোত কার সাথে যায় মিশতে?

**১১. উদ্দীপকের সঙ্গে 'ঝরনার গান' কবিতার কোন চরণের সাদৃশ্য রয়েছে?**
ক কোন পরীর টুটল হার　খ চপল পায় কেবল ধাই
গ আমরা ধাই তার আশেই　ঘ বিলাই তান-তরল শ্লোক

**১২. উদ্দীপকের 'ঝরনার গান' কবিতার যে দিকটি প্রকাশিত হয়েছে সেটা হলো–**
ক অবিরাম ছুটে চলা　খ প্রকৃতির সান্নিধ্য লাভ
গ অতুলনীয় সৌন্দর্য তৃষ্ণা　ঘ ঝরনার জলধারার ধ্বনি মাধুর্য

**১৩. পেয়ালায় ঢাললে কাবুলি সবুজ চা কী রং ধারণ করে?**
ক অতি ফিকে হলুদ　খ বাদামি বর্ণ
গ কচি কলাপাতা রং　ঘ লালচে মেরুন রং

**১৪. কবি হেমচন্দ্র কোন বিশেষ ভাবনায় মানবজাতিকে ক্রন্দন করতে নিষেধ করেছেন?**
ক ক্ষণস্থায়ী সংসারের ভাবনায়　খ নশ্বর জীবনের ভাবনায়
গ অতীত সুখের দিনের ভাবনায়　ঘ সুন্দর ভবিষ্যতের ভাবনায়

**১৫. 'উপাধি-ধরা বৈজ্ঞানিক ভৃত্যে'– কথাটির অর্থ হলো–**
i. উচ্চ বেতনভুক্ত রাজ্যসভার পণ্ডিত　ii. ডিগ্রিধারী অমাত্যবর্গ
iii. বিজ্ঞানমনস্ক রাজ কর্মচারী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**১৬. 'সব দ্বার এর খোলা রবে, চালা হাতুড়ি শাবল চালা'– চরণটিতে কী ফুটে উঠেছে?**
ক বিদ্রোহ　খ প্রতিবাদ　গ ক্ষোভ　ঘ সাম্যবাদী চেতনা

**১৭. 'কলজে খুবলে খায় শকুন'- এখানে শকুন কীসের প্রতীক?**
ক যুদ্ধের　খ রাজাকারের　গ দুঃখের　ঘ হতাশার

**১৮. কাকতাড়ুয়ার ভিতরে বুধা কী দেখতে পায়?**
ক পিতামাতার ছবি　খ তিনু-বিনু-তালেবকে
গ পাকিস্তানি হানাদার বাহিনীকে　ঘ গাঁয়ের বেশির ভাগ লোককে

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
অতিবর্ষণে পাহাড় চাপা পড়ে রবিউলের পুরো পরিবার মারা গেলেও, প্রাণে বেঁচে যায় রবিউল।

**১৯. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**
ক গণহত্যার সঙ্গে　খ মুক্তিযুদ্ধের সঙ্গে
গ কলেরা রোগের সঙ্গে　ঘ বাড়িঘর পুড়িয়ে দেওয়ার সঙ্গে

**২০. উদ্দীপকের রবিউল 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মতো–**
i. স্বজনহারা　ii. গৃহহীন　iii. নির্ভীক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**২১. 'বুঝি, তবু যেন বুঝি না'– উক্তিটি কার?**
ক হাশেম আলির　খ হাতেম আলির　গ বহিপীরের　ঘ খোদেজার

**২২. 'আমরা কী করিয়া তাহাদের ঠেকাই, আজ না হয় কাল, যাইবেই।'– বাক্যটিতে বহিপীরের কোন চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?**
ক বাস্তবজ্ঞান　খ পিরি বদান্যতা　গ আধ্যাত্মিকতা　ঘ বোধোদয়

**২৩. তাহেরাকে সাহায্য করার ক্ষেত্রে হাশেম আলির কোন বোধটি প্রধান হয়েছে উঠেছে?**
ক সহযোগিতা　খ মমত্ববোধ　গ মানবিকতা　ঘ নির্ভীকতা

**২৪. পল্লিসাহিত্যের সম্পদের মধ্যে কোনগুলো অমূল্য রত্নবিশেষ?**
ক ঘুম পাড়ানি গান　খ প্রবাদ-প্রবচন　গ পল্লিগান　ঘ ছড়া

**২৫. 'সুসার' শব্দের অর্থ কী?**
i. প্রাচুর্য　ii. সৌন্দর্য　iii. সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
জারা-জারিফ ভাই-বোন হলেও নানা বিষয়ে ওদের মধ্যে খুনশুটি লেগেই থাকে। এক সময় পড়াশোনার জন্য জারিফ হোস্টেলে চলে গেলে জারা জারিফের পছন্দের খাবার রান্না করে হোস্টেলে নিয়ে যায়।

**২৬. উদ্দীপকে উল্লিখিত জারা কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**
ক দুর্গা　খ কুন্তি　গ মমতাদি　ঘ ফুলকলি

**২৭. উল্লিখিত চরিত্রটির বয়স কত?**
ক বছর তেইশ　খ এগারো-বারো　গ দশ-এগারো　ঘ তেরো-চৌদ্দ

❑ **কবিতাংশটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
বেদনার যুগ, মানুষের যুগ,
সাম্যের যুগ আজি, কেহ রহিবে না বন্দি কাহারও, উঠিছে ডঙ্কা বাজি।

**২৮. কবিতাংশটিতে 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধে উল্লিখিত কোন মানুষের কথা বলা হয়েছে?**
ক অভিজাত মানুষের　খ অবহেলিত মানুষের
গ সংগ্রামী মানুষের　ঘ ভদ্রসমাজের

**২৯. উদ্দীপকে 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে?**
i. ভদ্র সম্প্রদায়ের মনোভাব　ii. সবার সমান অধিকার　iii. সাম্যবাদী মানসিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**৩০. মমতাদির ঈষৎ বিদীর্ণ মুখে কীসের ছায়া ছিল?**
ক গাঢ় শ্রান্তির　খ ক্লান্তির　গ গভীর বেদনার　ঘ হতাশার

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 0 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১. রাশিদা বেগম অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষিকা। তাঁর অবসর কাটে দুই নাতনি সীমা ও রীমার সঙ্গে। তিনি নাতনিদের চিত্তাকর্ষক রূপকথা-উপকথার গল্প শোনাতে চান, বিকালে আনন্দের জন্য মাঠে খেলতে নিয়ে যেতে চান, বোঝাতে চান পলিগানের বাণীর সৌন্দর্য ও অর্থ। কিন্তু তারা ব্যস্ত হ্যারি পটার আর কম্পিউটারে গেম খেলায়। দাদির এমন গানপ্রীতিতে দুই বোন অবজ্ঞার হাসি হাসে; আর কানে হেডফোনে শোনে 'ওয়ান স্টেপ ক্লোজ' ইংরেজি গান। রাশিদা বেগম আফসোস করে বলেন, 'দাঁত থাকতে দাঁতের মর্যাদা নেই।'

ক. খনার বচনে কোন তত্ত্ব প্রকাশ পেয়েছে? ১
খ. 'পল্লির প্রত্যেক পরতে পরতে সাহিত্য ছড়িয়ে আছে।'– লাইনটি বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের সীমা-রীমাকে 'পল্লিসাহিত্য' প্রবন্ধে বর্ণিত কাদের উত্তরসূরি বলা যায় এবং কীভাবে– তা আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত রাশিদা বেগম 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের ভাবধারার প্রতিনিধি।"– মন্তব্যের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

২. সজিনা পুষ্টিসমৃদ্ধ উদ্ভিদ, যা বহু শতাব্দী ধরে ঐতিহ্যগত ওষুধে ব্যবহৃত হয়ে আসছে। প্রায় তিনশরও বেশি রোগের ওষুধ হিসেবে সজিনা পাতা ব্যবহৃত হয়। রোগপ্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে, উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিস নিয়ন্ত্রণে, কিডনি ও যকৃতের সুস্থতায়, হজমপ্রক্রিয়ার উন্নতিতে, রক্তশূন্যতার চিকিৎসাসহ ইত্যাদি রোগে সজিনা ডাঁটা অত্যন্ত কার্যকরী। বাড়ির পাশে যত্ন ছাড়াই এ গাছ বড়ো হয়। অনেকে কারখানার পাশে রোপণ করে। কারখানার পাশে বেড়ে ওঠা সজিনা গাছ অতি মাত্রায় কার্বন শোষণের ফলে বিষাক্ত হয়ে যায়। কারখানার শ্রমজীবী নারীদেরও একই দুর্দশা। অথচ এ দিকে কারও দৃষ্টি নেই।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১
খ. শান দিয়ে বাঁধানোকে আবর্জনার সঙ্গে তুলনা করার কারণ কী? ২
গ. উদ্দীপকে 'নিমগাছ' গল্পের কোন দিকটি স্পষ্ট হয়ে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকে 'নিমগাছ' গল্পের আংশিক ভাব ফুটে উঠেছে।"– লাইনটি 'নিমগাছ' গল্পের আলোকে বিশেষণ করো। ৪

৩. জগৎ এমন ভয়ানক স্থান যে টাকা না থাকলে তার স্থান কোথাও নেই– এই ধারণা থেকে আবির উচ্চশিক্ষা শেষে সেই চাকরি খুঁজে নিল, যেখানে পরিশ্রম কম অথচ ঘুষ হিসেবে বাড়তি আয় সহজ। আবিরের বাবা আজাদ সাহেব একজন সৎ, দক্ষ, পরিশ্রমী কর্মকর্তা। বিদেশে মোটা অঙ্কের বেতনের হাতছানি পেয়েও দেশের প্রয়োজনে সুনামের সঙ্গে চাকরি করে সচ্ছল অবস্থানে গিয়েছেন। কিন্তু টাকার কুমির হওয়ার আকাঙ্ক্ষী আবিরের কাছে বাবার আদর্শ-সম্মান ঠুনকো। সবাই বলে, 'শিক্ষা আবিরের জীবনে সোনা ফলাতে পারেনি।'

ক. শিক্ষার আসল কাজ কী? ১
খ. শিক্ষার অপ্রয়োজনের দিককে শ্রেষ্ঠ দিক বলা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকের আবিরের জীবনবোধে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকের প্রতিফলন লক্ষণীয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'আজাদ সাহেব যথার্থ মূল্যবোধসম্পন্ন একজন মানুষ।'– উক্তিটি পঠিত প্রবন্ধ অনুসরণে মূল্যায়ন করো। ৪

৪. সে হইতেছে, আমাদের দেশের তথাকথিত 'ছোটোলোক' সম্প্রদায়। আমাদের অভিজাত-গর্বিত সম্প্রদায়ই এইরূপ নামকরণ করিয়াছেন। কিন্তু কোনো যন্ত্র দিয়া এই দুই শ্রেণির লোকের অন্তর যদি দেখিতে পারো, তাহা হইলে দেখিবে ওই তথাকথিত 'ছোটোলোক'-এর অন্তর কাচের ন্যায় স্বচ্ছ। এই 'ছোটোলোক' এমন স্বচ্ছ অন্তর, এমন সরল মুক্ত উদার প্রাণ লইয়াও যে-কোনো কার্য করিতে পারিতেছে না, তাহার কারণ এই ভদ্র সম্প্রদায়ের অত্যাচার। সে- বেচারা জন্ম হইতে এই ঘৃণা, উপেক্ষা পাইয়া নিজেকে এত ছোটো মনে করে, সংকোচ-জড়তা তাহার স্বভাবের সঙ্গে এমন ওতপ্রোতভাবে জড়াইয়া যায় যে, সেও যে আমাদেরই মতো মানুষ, তাহারও যে মানুষ হইবার সমান অধিকার আছে, তাহা সে একেবারে ভুলিয়া যায়।

ক. 'মুষ্টিযোগ' অর্থ কী? ১
খ. স্ত্রীকে পায়ের ধুলো দিতে গিয়ে রসিক কেঁদে ফেলল কেন? ২
গ. উদ্দীপকের আলোকে 'অভাগীর স্বর্গ' গল্পের অভাগীর সামাজিক অবস্থান তুলে ধরো। ৩
ঘ. "উদ্দীপকের বাইরে 'অভাগীর স্বর্গ' গল্পের বক্তব্য পরিসর আরও বিস্তৃত।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. মুরাদনগরের যুবক নাজীম সব সময় তার পূর্বপুরুষদের নিয়ে গর্ব করে। তারা এক সময় অনেক শৌর্য-বীর্যের অধিকারী ছিলেন। তারা অনেক সাহস আর অধ্যবসায়ের মাধ্যমে জীবনে অভিনবত্ব, মহিমা ও উন্নতি সাধন করেছিলেন। নিয়মানুবর্তিতা আর সময়ানুবর্তিতাকে সঙ্গী করে জীবনের শীর্ষ জয়গান গেয়েছিলেন তারা। তাইতো নির্ভীক নাজীম এ পথেরই অভিযাত্রিক।

ক. কী অনিত্য নয়? ১
খ. কবি বাহ্যদৃশ্যে ভুলতে নিষেধ করেছেন কেন? ২
গ. উদ্দীপকটি 'জীবন-সঙ্গীত' কবিতার কোন অংশের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'জীবন-সঙ্গীত' কবিতার সমগ্র দিক প্রতিফলিত করেনি।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

৬. মানুষ মানুষের জন্য
জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি মানুষ পেতে পারে না?
বলো, কী তোমার ক্ষতি?
জীবনের অথৈ নদী
পার হয় তোমাকে ধরে দুর্বল মানুষ যদি?

গানের এই কথাগুলো তন্ময়কে আবিষ্ট করে। আজীবন সে মানুষ হিসেবে সৃষ্টজীবের প্রতি মানবিক আচরণ করবে– এই প্রত্যয় নেয় তন্ময়।

ক. 'মানুষ' কবিতায় কবি কার জয়গান গেয়েছেন? ১
খ. মানুষের চেয়ে মহীয়ান কোনো কিছু নেই কেন? ২
গ. উদ্দীপকের সঙ্গে 'মানুষ' কবিতার সাযুজ্যের দিক নিরূপণ করো। ৩
ঘ. 'মানুষ' কবিতার বর্ণিত ভণ্ড মানসিকতা পরিবর্তনে কী করণীয় বলে তুমি মনে করো? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭. i. ঐতিহ্যের সেই ৭ই মার্চে,
প্রমত্তা নদী রেসকোর্স ময়দান।
এ নদী উত্তাল অবিরাম,
এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম।

ii. বোমাবাজি, খুনখারাবি সবই পারে ওরা।
পেশিশক্তির পূজারি পশুর মতোই তারা
তারা মগজে মজ্জায় দানব,
সুবিধাভোগী চালায় স্বার্থের তাণ্ডব।

ক. 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতাটির কাব্যগ্রন্থের নাম কী? ১
খ. 'রবীন্দ্রনাথের মতো দৃপ্ত পায়ে হেঁটে' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক i. নং 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার সঙ্গে কোন দিক থেকে সম্পৃক্ত তা আলোচনা করো। ৩
ঘ. ii. নং উদ্দীপকটি পঠিত কবিতায় ফুটে ওঠা অশুভ শক্তির উত্থানকে ইঙ্গিত করে কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. মহরতপুর গ্রামের জনহিতৈষী চেয়ারম্যান সাদেক সাহেব। তিনি যে-কোনো সমস্যার সমাধানে গ্রামের সবাইকে একসঙ্গে হওয়ার আহ্বান জানান। তাঁর এহেন আহ্বানে গ্রামের পশ্চিম পাড়ার কয়েকজন বিরুদ্ধাচরণ করলেও তিনি মনে করেন, 'একতা সমস্যা সমাধানের সর্বোত্তম উপায়।' শেষ পর্যন্ত তিনি সফলও হন।

ক. বুধা চাচির মুখে কোন শব্দটি শুনে হোঁচট খায়? ১
খ. "ও মৃত্যুপুরীর স্তব্ধ শীতলতায় নিঃসাড় বসেছিল।"– কে, কেন বসেছিল? ২
গ. উদ্দীপকের চেয়ারম্যান সাদেক সাহেবের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের শান্তি কমিটির চেয়ারম্যানের মনোভাবের পার্থক্য নিরূপণ করো। ৩
ঘ. 'একতা সমস্যা সমাধানের সর্বোত্তম উপায়।'– বাঙালির মুক্তির সংগ্রামে উক্ত মন্তব্যটির গুরুত্ব উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে বিশেষণ করো। ৪

৯. আয়নাল হক একজন অদ্ভুত ধরনের মানুষ। তার জীবনে একের পর এক ক্ষতি হয়ে গেছে কিন্তু সেজন্য কষ্ট পেলেও তাকে কখনোই হা-হুতাশ করতে দেখা যায়নি। তার দুঃখের সময় অন্য সবার দুঃখের অনুষঙ্গ দিয়ে সে নিজেকে করেছে ভারমুক্ত। সবার কল্যাণের কথা ভেবে আয়নাল নিজের জীবন বিলিয়ে দিতেও বদ্ধপরিকর। এভাবে পথ চলাতেই তার আনন্দ।

ক. গেরস্তের উঠানে কী আছে? ১
খ. 'ঘুঘু দেখেছ, কিন্তু ফাঁদ দেখোনি, চাঁদ।'- উক্তিটির প্রাসঙ্গিকতা ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আয়নাল হক 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের প্রতিনিধিত্ব করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "'কাকতাড়ুয়া' উপন্যাসের বিস্তৃত পরিসরের কেন্দ্রবিন্দুতে উক্ত চরিত্রটি উজ্জ্বলতম হয়ে আছে।"– মন্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০. 'বিদায় হজ'-এ মহানবি (স.) সমগ্র মানবজাতিকে উলেখ করে বলেন, 'শ্রবণ করো। মূর্খতা যুগের সমস্ত কুসংস্কার, সমস্ত অন্ধবিশ্বাস এবং সকল প্রকারের অনাচার আজ আমার পদতলে দলিত মথিত অর্থাৎ রহিত ও বাতিল হইয়া গেল। ... ধর্ম সম্বন্ধে বাড়াবাড়ি করিও না। ইহার অতিরিক্ততার ফলে তোমাদিগের পূর্ববর্তী বহু জাতি ধ্বংস হইয়া গিয়াছে।'

ক. নাটকের প্রাণ কী? ১
খ. 'নদীতে কেবল কচুরিপানা'– তাহেরার এরূপ ভাবনার কারণ কী? ২
গ. উদ্দীপকে বর্ণিত মূর্খতা যুগের বৈশিষ্ট্য 'বহিপীর' নাটকের কোথায় দৃশ্যমান তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "'বহিপীর' নাটকের মূলভাব আর উদ্দীপকের বার্তা একই ধারায় প্রবাহিত।"– মন্তব্যের যুক্তিপূর্ণ উত্তর দাও। ৪

১১. মা-বাবা মরা সুশ্রী আতিকা মামা বাড়িতে আশ্রয় নেয়। মামা কাজের সুবাদে বিদেশে গেলে মামি ষড়যন্ত্র করে অনেক টাকা পণ নিয়ে বয়স্ক জমিদার জামশেদের সঙ্গে দ্রুত বিয়ে দিয়ে দেয়। প্রভাব-প্রতিপত্তির কারণে জমিদারের অনিয়ন্ত্রিত জীবনযাপন। কথায় কথায় সুন্দরী আতিকাকে সন্দেহ করে, গায়ে হাত তোলে। আতিকা মুখ বুজে সব মেনে নেয়। কিন্তু সেই বাড়িতে আশ্রিত রাজন এমন অনাচার দেখে নিজের জীবন বিপন্ন করে সুযোগ বুঝে নব নিযুক্ত পুলিশ অফিসারের সহযোগিতায় আতিকাকে উদ্ধার করে। অগত্যা জামশেদ চুপ হয়ে যায়।

ক. বহিপীরের বাড়ি কোন জেলায়? ১
খ. 'ইহা পরাজিত শত্রুর শেষ দাবি।' লাইনটি বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের জমিদারের সঙ্গে 'বহিপীর' নাটকের বহিপীরের চারিত্রিক বৈশিষ্টের মিলের দিকটি তুলে ধরো। ৩
ঘ. "প্রেক্ষাপটে মিল না থাকলেও চারিত্রিক দৃঢ়তায় রাজন যেন 'বহিপীর' নাটকের জমিদার পুত্রের প্রতিনিধি।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৩

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

## বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ০ | ১ |

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **'মুষ্টিযোগ' শব্দটির অর্থ কী?**
ক টোটকা চিকিৎসা খ হাত মুঠবন্ধ করা
গ দুই হাত একত্রিত করা ঘ লড়াই করা

২. **পল্লিসাহিত্যের সম্পদের মধ্যে অমূল্য রত্নবিশেষ–**
i. জারিগান ii. ভাটিয়ালি গান iii. মারফতি গান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩. **রাখিবন্ধন উৎসব হয় কখন?**
ক মাঘী পূর্ণিমায় খ বৈশাখী পূর্ণিমায়
গ নববর্ষে ঘ শ্রাবণ পূর্ণিমায়

৪. **বুকানিয়ার ফুলের রং কেমন?**
ক কালচে-মেরুন খ সাদা গ বেগুনি ঘ হলুদ

৫. **বাংলা নাটকের যুগন্ধর পুরুষ কে?**
ক দ্বিজেন্দ্রলাল রায় খ দীনবন্ধু মিত্র
গ গিরিশচন্দ্র ঘোষ ঘ সজনীকান্ত দাস

৬. **নিচের কোনটি ডক্টর দীনেশচন্দ্র সেনের মৌলিক গ্রন্থ?**
ক ফুলরা খ দেওয়ানা মদিনা
গ কমলা সুন্দরী ঘ পূর্ববঙ্গ গীতিকা

৭. **আরবের উর্বর প্রদেশ কোনটি?**
ক মদিনা খ তায়েফ গ আবিসিনিয়া ঘ মক্কা

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
আলতাফ দেশের একটি বিখ্যাত ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে। সে তার বাংলা মাধ্যম পড়ুয়া বন্ধুদের অবজ্ঞা করে। কথা বলার সময় প্রায়শই ইংরেজি ভাষায় কথা বলে।

৮. **আলতাফ 'বঙ্গবাণী' কবিতায় কার প্রতীক?**
ক মাতৃভাষা বিদ্বেষীদের খ জ্ঞানহীনের
গ মারফতে জ্ঞানহীনের ঘ শাস্ত্রজ্ঞানহীনের

৯. **আলতাফদের মতো মানুষের বিষয়ে আবদুল হাকিমের অভিমত–**
i. তাদের জন্ম পরিচয় সম্পর্কে নিশ্চিত নয়
ii. তারা মারফতে জ্ঞানহীন iii. তারা যেন দেশ ছেড়ে চলে যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১০. **হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় রচিত মহাকাব্য কোনটি?**
ক ত্রয়ী খ মহাশ্মশান গ বৃত্রসংহার ঘ রামায়ণ

১১. **রাজা কোন তত্ত্বের কথা পরে ভাবতে বলেছেন?**
ক ফরাশ পাতা তত্ত্ব খ নশ্য তত্ত্ব
গ যন্ত্র-মন্ত্র তত্ত্ব ঘ পদধূলি তত্ত্ব

১২. **হালকা চালের কবিতা অর্থে কোন শব্দটি 'ঝরনার গান' কবিতায় ব্যবহৃত হয়েছে?**
ক ফটিক জল খ ছড়া গ বিলাই তান ঘ তরল শোলক

১৩. **কালাপাহাড়ের প্রকৃত নাম–**
i. রাজনারায়ণ ii. রাজচন্দ্র iii. রাজ কৃষ্ণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. **খেয়ানৌকাগুলো কোথায় এসে লেগেছে?**
ক চরের খুব কাছে খ ঘাটে
গ খেয়াঘাটে ঘ চরে

১৫. **সিকান্দার আবু জাফর কোন আন্দোলন বেগবান করতে ভূমিকা রাখেন?**
ক ভাষা আন্দোলন খ ছয় দফা
গ শিক্ষা আন্দোলন ঘ ৬৯-এর গণ-অভ্যুত্থান

১৬. **ঘরেতে অভাব তাই পৃথিবীটা কী মনে হয়?**
ক কালো ধোঁয়া খ আঁধার গ বড়ো কঠিন ঘ নিষ্ঠুর

১৭. **হাজী শরিয়ত উল্লাহ মানুষ মুক্ত করার চেষ্টা করে–**
i. বিদেশি শাসন-শোষণ থেকে ii. জমিদারদের অত্যাচার থেকে
iii. জোতদার-মহাজনদের অত্যাচার থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. **কবে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণকে ইউনেস্কো ঐতিহাসিক প্রামাণ্য দলিল হিসেবে স্বীকৃতি দেয়?**
ক ২০১৮ সালের ২৭ অক্টোবর খ ২০১৭ সালের ১৭ আগস্ট
গ ২০১৭ সালের ৩০ অক্টোবর ঘ ২০১৯ সালের ২৯ অক্টোবর

১৯. **কোন কথাটি রূপক অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক চির কবিতার দেশ খ রাত জাগা নিবাসন
গ এবার বাঘের থাবা ঘ কবিতার হাতে রাইফেল

২০. **আগুন নেভানোর জন্য বুধা কী দিয়ে ডোবা থেকে পানি আনে?**
ক পাতিল খ বালতি গ কলস ঘ মাটির হাঁড়ি

২১. **'নিজের বোঝা নিজেই বইব।'– বুধার এ বক্তব্যে প্রকাশ পায়–**
ক বিশ্বাস খ সাহস গ স্বনির্ভরতা ঘ দেশপ্রেম

২২. **আহাদ মুন্সির সঙ্গে থাকা রাজাকাররা বুধাকে–**
i. দুই হাতে চেপে ধরে ii. দু-চারটে ঝাঁকুনি দেয়
iii. বলে জানে মেরে ফেলব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. **সৈয়দ ওয়ালীউল্লাহ কোথায় মৃত্যুবরণ করেন?**
ক দিল্লিতে খ প্যারিসে গ পাকিস্তানে ঘ ঢাকায়

২৪. **'বহিপীর' নাটকের অপ্রধান চরিত্র হলো–**
i. হকিকুল্লাহ ii. জমিদার গিন্নি iii. আনোয়ার উদ্দিন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. **নামাজ শেষ করে খোদেজা কী করে?**
ক তরকারি কাটে খ পান বানাতে বসে
গ রান্না করে ঘ জল খাবার খায়

২৬. **'হুদায়বিয়া' কী?**
ক একটি চুক্তিপত্র খ একটি সন্ধিপত্র
গ যুদ্ধ বন্ধের দলিল ঘ একটি যুদ্ধক্ষেত্র

২৭. **'অদৃশ্যলোক' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?**
ক ১৯১৮ সালে খ ১৯২৭ সালে
গ ১৯৪৭ সালে ঘ ১৯২০ সালে

২৮. **তাহার আত্মা তোমার আত্মার মতোই–**
i. ভাস্কর ii. মহান আল্লাহর সৃষ্টি iii. একটি মহা-আত্মার অংশ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. **বাবার পায়ের কাছে বসে সুভা কোন দিকে চেয়ে কাঁদতে লাগল?**
ক মাটির দিকে খ বাইরের দিকে
গ আকাশের দিকে ঘ মুখের দিকে

৩০. **আনন্দের স্পর্শে মানুষের মনপ্রাণ–**
i. সজীব হয় ii. সতেজ হয় iii. সরাগ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 0 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১. ষাটোর্ধ্ব বয়স্ক আমেনা স্বামী-সন্তান হারিয়ে শহরের একটি বাসায় গৃহপরিচারিকার কাজ করে। একটু ভুল হলেই গৃহকর্ত্রী তার ওপর চালায় অমানুষিক অত্যাচার। অসাবধানতায় হাত থেকে পড়ে একটি গ্লাস ভাঙার দায়ে নির্যাতিত হয়ে এক মাস যাবৎ সে হাসপাতালের বিছানায় কাতরাচ্ছে।
- ক. মমতাদির ঘরে কীসের দীনতা ছিল? ১
- খ. মমতাদিকে 'ছায়াময়ী মানবী' বলার কারণ কী? ২
- গ. উদ্দীপকের প্রেক্ষাপটে 'মমতাদি' গল্পের বৈসাদৃশ্যপূর্ণ দিকটি তুলে ধরো। ৩
- ঘ. "উদ্দীপকের গৃহকর্ত্রী যদি 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর মতো হতেন তাহলে আমেনার অবস্থা এমন হতো না।"– বিশেষণ করো। ৪

২. সতত, হে নদ, তুমি পড়ো মোর মনে!
সতত তোমার কথা ভাবি এ বিরলে;
সতত (যেমতি লোক নিশার স্বপনে
শোনে মায়া-মন্ত্রধ্বনি) তব কলকলে
জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে!
বহুদেশ দেখিয়াছি বহু নদ-দলে,
কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?
দুগ্ধ-স্রোতরূপী তুমি জন্মভূমি-স্তনে।
- ক. আবদুর রহমান কেমনভাবে লেখকের দিকে তাকায়? ১
- খ. লেখক আবদুর রহমানের ঠোঁট দুটি দেখতে পেলেন না কেন? ২
- গ. উদ্দীপকে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আবদুর রহমানের যে চেতনা প্রকাশ করে তা ব্যাখ্যা করো। ৩
- ঘ. "বিষয়ের দিক থেকে সাদৃশ্য থাকলেও উদ্দীপক ও 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির পার্থক্য বিস্তর।"– তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. আলালের দাদা জমিদার ছিলেন। এখন তাদের অবস্থা খুবই খারাপ। জমিদারি নেই, অর্থ-বিত্ত নেই। সে এখন অল্প বেতনে একটি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতা করে। মাস গেলে যে বেতন পায় তা দিয়ে খুব কষ্টে পরিবারের ভরণপোষণ চলে। শিক্ষিত ও উচ্চবংশীয় হয়ে অতিরিক্ত আয়ের জন্য যে-কোনো ধরনের কাজও করতে পারে না।
- ক. সর্বজয়াকে কে টাকার জন্য তাগাদা দিচ্ছে? ১
- খ. 'ঠাকুরের হাঁড়ি দেখচি শিকেয় উঠেচে।'– বলতে কী বোঝানো হয়েছে? ২
- গ. উদ্দীপকের আলালের মধ্যে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের প্রতিফলন দেখা যায়? বর্ণনা করো। ৩
- ঘ. "উদ্দীপকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের খণ্ডচিত্র।"– এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

৪. আরাফ ও আহনাফ দুই ভাই। দুজনই উচ্চশিক্ষিত। দুজনই ব্যবসায়ী, কিন্তু আরাফের চেয়ে আহনাফ অনেক বেশি অর্থ-বিত্তের মালিক। আহনাফের অনেকগুলো শিল্পকারখানা। তাদের গ্রামে প্রচুর আলু উৎপন্ন হয়। আহনাফ অগ্রিম দাদন দিয়ে কৃষকদের কাছ থেকে অল্প মূল্যে সব আলু কিনে নেয়। অপরদিকে আরাফ কৃষকদের বাঁচানোর জন্য এলাকায় একটি হিমাগার স্থাপন করে, যাতে কৃষকরা তাদের উৎপাদিত আলু সংরক্ষণ করতে পারে এবং ন্যায্যমূল্যে উৎপাদিত ফসল বিক্রি করতে পারে।
- ক. 'লেফাফাদুরস্তি' শব্দটির অর্থ কী? ১
- খ. 'অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি' বলতে কী বোঝানো হয়েছে? ২
- গ. উদ্দীপকের আরাফের মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'আহনাফের কাজে শিক্ষার অপ্রয়োজনের দিকটি বর্তমান নয়।'– 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. **উদ্দীপক-১ :** এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
সকল দেশের রানি সে যে আমার জন্মভূমি।
**উদ্দীপক-২ :** বহুদিন পরে মনে পড়ে আজি পল্লিমায়ের কোল
ঝাউশাখে সেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল।
- ক. 'কপোতাক্ষ নদ' কবিতার ষষ্ঠকের অন্ত্যমিল বিন্যাস কী? ১
- খ. 'স্নেহের তৃষ্ণা' বলতে কী বোঝানো হয়েছে? ২
- গ. উদ্দীপক-২এ 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা বর্ণনা করো। ৩
- ঘ. "উদ্দীপক-১ই প্রকৃতপক্ষে 'কপোতাক্ষ নদ' কবিতার মূল চেতনাকে ধারণ করে আছে।"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

৬. তাহসিন ডেঙ্গুজ্বরে আক্রান্ত হলে তার মা খুবই বিচলিত হয়ে পড়েন। তিনি দ্রুত তার ছেলেকে ঢাকায় নিয়ে আসেন এবং হাসপাতালে ভর্তি করেন। ডাক্তার, নার্স, ওষুধ কোনো কিছুর কমতি নেই। তাকে দেখতে আসা আত্মীয়স্বজন নিয়ে আসে নানা প্রকারের ফল ও মুখরোচক খাবার।
- ক. বাঁশ বনে কোন পাখি ডাকে? ১
- খ. 'সম্মুখে তার ঘোর কুজ্ঝটি মহাকাল রাত পাতা।' বলতে কী বোঝানো হয়েছে? ২
- গ. উদ্দীপকের তাহসিনের সঙ্গে 'পল্লিজননী' কবিতার বৈসাদৃশ্য তুলে ধরো। ৩
- ঘ. উদ্দীপকের তাহসিনের মা কি পল্লিজননীর যথার্থ প্রতিনিধি? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. এই খানটাতে কুমোরদের বাড়ি
ওই দিকটায় জেলে পাড়া
খালে পড়ে ছেলে বুড়োদের
আনন্দ গোসল খেলা
সকাল বেলা মক্তবের সুর
ঘুম ভাঙিত মোর।
- ক. আহসান হাবিবের কিশোর পাঠ্য উপন্যাসের নাম কী? ১
- খ. স্বাপ্নিক নিয়মে থাকা বলতে কী বোঝানো হয়েছে? ২
- গ. উদ্দীপকটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার কোন দিকটি নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. "উদ্দীপকটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সম্পূর্ণ ভাব ধারণ করে না।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. এ পবিত্র বাংলাদেশ
বাঙালির– আমাদের
দিয়া প্রহারেণ ধনঞ্জয়
তাড়াবো আমরা করি না ভয়
যত পরদেশি দস্যু ডাকাত
রামাদের গামাদের।
- ক. মুক্তিবাহিনীর কমান্ডার কে? ১
- খ. 'কিন্তু আমরা তিনজন নই, একজন।'– কথাটি বুঝিয়ে লেখো। ২
- গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
- ঘ. "উদ্দীপকে উপস্থাপিত দিকটিই 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল দিক।" –বিশেষণ করো। ৪

৯. মিয়ানমারের রাখাইন প্রদেশে সে দেশের সামরিক জান্তা সরকার গণহত্যা চালায়। নারী-পুরুষ, ধর্ম-বর্ণ নির্বিশেষে রোহিঙ্গাদের তারা হত্যা করতে থাকে। প্রাণভয়ে লক্ষ লক্ষ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নেয়।
- ক. কী নিয়ে বুধার কোনো ঝামেলা নেই? ১
- খ. 'মরণের কথা ভাবলে যুদ্ধ করা যায় না।'– কথাটি বুঝিয়ে লেখো। ২
- গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ দিকটি বর্ণনা করো। ৩
- ঘ. "ঘটনাগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের বিষয় এবং 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রতিপাদ্য বিষয় সম্পূর্ণ ভিন্ন।"– মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০. আবদুলাহর বাবা একজন নামজাদা পির। তার বাবার অনেক মুরিদ ছিল। তারা আবদুলাহকে পির মেনে সেবা করতে চায়। উচ্চশিক্ষিত আবদুলাহ মোটেও এসব পছন্দ করত না। একজন মুরিদ কিছু খাবার, টাকাপয়সা নিয়ে তার কাছে যায় এবং তার পায়ে ধরে সালাম করতে চাইলে সে দ্রুত সরে যায়। এতে মুরিদের মনে হলো বেহেস্তের চাবি তার হাত ছাড়া হয়ে গেল।
- ক. 'বহিপীর' নাটকের শেষ সংলাপটি কার? ১
- খ. হকিকুলাহ পুলিশ ডাকতে গিয়ে ফিরে আসল কেন? ২
- গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
- ঘ. "উদ্দীপকের আবদুলাহ এবং 'বহিপীর' নাটকের বহিপীর বিপরীত মেরুর লোক।" –বিশেষণ করো। ৪

১১. সত্তর বছরের বুড়ো কফিল উদ্দিন। সে তার প্রতিবেশী সলিম উদ্দিনের ষোড়শী কন্যা সায়লাকে বিয়ে করতে চায়। মেয়ের সুখের কথা ভেবে সলিম উদ্দিন বিয়েতে মত দিলেও সায়লার মা অসম্মতি জানায়। রক্ষা পায় সায়লার জীবন। সায়লা বিয়ে ভেঙে যাওয়ায় মহাখুশি।
- ক. 'বহিপীর' নাটকটি কত সালে প্রকাশিত হয়? ১
- খ. 'হাতেম আলি উচ্চ নৈতিকতাবোধ সম্পন্ন মানুষ।' ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকের কফিল উদ্দিনকে কোন দিক থেকে 'বহিপীর' নাটকের বহিপীর বলা যায় তা ব্যাখ্যা করো। ৩
- ঘ. "উদ্দীপকের ঘটনা 'বহিপীর' নাটকের ক্ষেত্রে সিন্ধুর মধ্যে বিন্দু।"– এই বক্তব্যের সপক্ষে তোমার মতামত দাও। ৪

মডেল টেস্ট- ০৪

# ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

## বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 1

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মর্মবিদ্ধ হরিণীর মতো সুভা কার দিকে তাকায়?**
ক নদীতটের খ প্রতাপের
গ জন্মভূমির ঘ সর্বশী ও পাঙ্গুলির

**২. 'নীললোহিত' কার রচিত গ্রন্থ?**
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ কাজী নজরুল ইসলাম
গ প্রমথ চৌধুরী ঘ মোতাহের হোসেন চৌধুরী

**৩. যুগের ভুয়োদর্শনের পরিপক্ব ফল কোথায় সঞ্চিত হয়ে আছে?**
ক রূপকথা-উপকথায় খ ছড়া, খেলাধুলা, ধাঁধা জগতে
গ প্রবাদ বাক্য, ডাক ও খনার বচনে ঘ পল্লিগানে

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
বিপিন ভট্টাচার্যের অবস্থা এতই শোচনীয় যে, বাড়ির চালে খড় দেওয়ার মতো অবস্থা তার নেই। পূজা-অর্চনা করে যা রোজগার হয় তাতে তার দিন চলে না। উপায় না পেয়ে তাকে ভিন্ন গ্রামে যেতে হয় রোজগারের আশায়।

**৪. উদ্দীপকের বিপিন ও হরিহরের মধ্যে মিল হলো–**
ক উভয়েই সমাজপতি খ উভয়েই পূজা করে
গ উভয়েই আর্থিকভাবে সচ্ছল ঘ উভয়েই অনাহারী

**৫. উক্ত বিবেচনার মূল প্রেক্ষাপট হলো–**
ক তৎকালীন সমাজব্যবস্থা খ তৎকালীন শ্রেণিবৈষম্য
গ তৎকালীন পারিবারিক নীতি ঘ তৎকালীন দৃষ্টিভঙ্গি

**৬. ১৯৭১ সালের ১৭ মে পত্রিকায় কতজন বুদ্ধিজীবী ও শিল্পীর বিবৃতি বেরিয়েছিল?**
ক ৭০ জন খ ৫৫ জন গ ৪৫ জন ঘ ৩০ জন

**৭. 'নিমগাছ' গল্পের নিমগাছটির রূপকে কাকে বোঝানো হয়েছে?**
ক প্রতিবাদী নারী খ কর্মজীবী নারী
গ নির্যাতিত নারী ঘ সর্বংসহা নারী

**৮. 'আমি এমন এক নারীর সন্তান, সাধারণ শুষ্ক মাংসই ছিল যাঁহার নিত্যকার আহার্য।'–এ কথায় প্রকাশ পেয়েছে হজরতের–**
i. ঔদার্যবোধ ii. সামান্যতাবোধ iii. মহত্ত্ববোধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. মহাত্মা গান্ধীর আহ্বানে কোনটি উপস্থিত ছিল বলে কাজী নজরুল ইসলাম ইঙ্গিত করেছেন?**
ক অভেদ খ ধর্মভেদ গ জাতিভেদ ঘ বর্ণভেদ

**১০. কীসের স্পর্শে মানুষের মন-প্রাণ সজীব, সতেজ ও সরাগ হয়ে ওঠে?**
ক সাহিত্য খ অর্থ গ লাইব্রেরি ঘ শিক্ষা

**১১. দশঘরায় বসবাসের সিদ্ধান্তে হরিহর কার সঙ্গে পরামর্শ করতে চেয়েছিলেন?**
ক ভুবন মুখার্জি খ সর্বজয়া মুখার্জি
গ মজুমদার মহাশয় ঘ নীলমণি রায়

**১২. রুমীর মুক্তির ব্যাপারে মার্সি পিটিশন না করার মাধ্যমে ফুটে উঠেছে–**
i. বাঙালির আত্মমর্যাদা ii. ত্যাগ ও দেশাত্মবোধ
iii. অন্যায়ের কাছে মাথা নত না করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. 'আশা' কবিতায় সুখী মানুষের মনে কী নেই?**
ক ইচ্ছা খ সুখ গ হতাশা ঘ দীনতা

**১৪. সাহসী জননী বাংলা কোন নদীর তীরে জেগে ওঠে?**
ক কর্ণফুলী খ ব্রহ্মপুত্র গ মেঘনা ঘ বুড়িগঙ্গা

**১৫. 'আমারো ছিল মনে/কেমনে বেটা পেরেছে সেটা জানতে।'– মন্ত্রীর এ কথায় প্রকাশ পায়–**
i. দায়িত্বে অবহেলা ii. কর্তৃত্ব প্রতিষ্ঠার চেষ্টা iii. নিচুশ্রেণির প্রতি অবহেলা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬. বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের মঞ্চটি কবি কী নামে আখ্যায়িত করেছেন?**
ক গণসূর্যের মঞ্চ খ জনসমুদ্রের উদ্যান
গ রঙিন দোলনা ঘ ঢাকার হৃদয়

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
দুর্গম পথ পাড়ি দিয়ে যারা
দুর্জয়ে করে জয়
তাহাদের পরিচয় লিখে রাখে মহাকাল।

**১৭. উদ্দীপকটি কোন কবিতার ভাবকে ইঙ্গিত করেছে?**
ক রানার খ আমার পরিচয়
গ সেইদিন এই মাঠ ঘ জীবন-সংগীত

**১৮. উদ্দীপকটি উক্ত কবিতার যে ভাবটি ইঙ্গিত করেছে–**
i. জীবনসংগ্রামে ব্রতী হওয়া ii. মহৎ ব্যক্তিদের অনুসরণ করা
iii. আত্মস্বার্থে নিমগ্ন থাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. 'আমার পরিচয়' কবিতায় কবি হাজার চরণচিহ্ন কোথায় ফেলে এসেছেন?**
ক সামনে খ পিছনে গ পলিমাটিতে ঘ রাজপথে

**২০. 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি মানবজীবনকে বৃথা বলতে চাননি। কারণ–**
i. মানবজীবন সাফল্যে পরিপূর্ণ ii. মানবজীবন তাৎপর্যময়
iii. মানুষের অনেক দায়িত্ব রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. 'কপোতাক্ষ নদ' কবিতার চতুর্থ পঙ্‌ক্তিতে 'এ বিরলে' শব্দের সঙ্গে অন্ত্যমিল রক্ষাকারী শব্দ কোনটি?**
ক গারো খ তব কলকলে গ স্বপনে ঘ ছলনে

**২২. 'এশিরিয়া ধুলো আজ … ।'– এখানে 'এশিরিয়া' কীসের প্রতীক?**
ক রহস্যময় সৌন্দর্য খ শাশ্বত প্রকৃতি
গ ক্ষয়িষ্ণু সভ্যতা ঘ বিচিত্র বিবর্তন

**২৩. 'কাকতাড়ুয়া' উপন্যাসে তিনুর বয়স কত বছর?**
ক দেড় খ দুই গ আড়াই ঘ তিন

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মুক্তিযুদ্ধ শুরু হলে গাঁয়ের ছেলেরা যুদ্ধে যোগ দেয়। তারা ভাবে, দেশকে শত্রুমুক্ত করাই হলো এখন প্রধান কাজ।

**২৪. উদ্দীপকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ চরিত্র হলো–**
i. বুধা ii. আলি iii. মিঠু
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৫. উক্ত সাদৃশ্যের ভিত্তি কী?**
ক দুঃসাহস খ প্রতিবাদী মনোভাব
গ স্বদেশপ্রেম ঘ অন্যায়কে প্রশ্রয় না দেওয়া

**২৬. 'বহিপীর' নাটকে অনমনীয় চরিত্র কোনটি?**
ক হাতেম আলি খ তাহেরা গ খোদেজা ঘ হাশেম আলি

**২৭. 'বহিপীর' নাটকে কোন ঋতুর উলেখ আছে?**
ক হেমন্ত খ শীত গ বসন্ত ঘ গ্রীষ্ম

**২৮. কোন ডাকটা হাতেমের কাছে ঠাট্টার মতো শোনায়?**
ক জমিদার খ বাদশা গ নেতা ঘ সাহেব

**২৯. 'কাকতাড়ুয়া' উপন্যাসে কোন কোন নদীর উলেখ আছে?**
ক পদ্মা, মেঘনা, করতোয়া খ যমুনা, করতোয়া, পদ্মা
গ পদ্মা, মেঘনা, যমুনা ঘ গোমতি, করতোয়া, পদ্মা

**৩০. শহরে পির সাহেবের কতজন ধনী মুরিদ আছেন?**
ক নয় খ সাত গ পাঁচ ঘ তিন

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ময়মনসিংহ জিলা স্কুল

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 0 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

**[দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১. বিএ পাশ করার পর আজিজ সাহেব একটি প্রতিষ্ঠিত কোম্পানিতে উচ্চপদে চাকরি নেন। অবৈধ রোজগারে অল্প সময়ে তিনি বাড়ি-গাড়ির মালিক হয়ে যান। অর্থসম্পদের মালিক হওয়াই তার একমাত্র লক্ষ্য। অপরদিকে, জাহিদ সাহেবের স্ত্রী সুযোগ বুঝে টাকাপয়সা কামিয়ে নেওয়ার পরামর্শ দিলে তিনি বলেন, 'অর্থসম্পদ মানুষকে সুখ দিতে পারে না বরং ধ্বংস ডেকে আনে।'

ক. শিক্ষার আসল কাজ কী? ১

খ. 'অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকে জাহিদ সাহেব তার স্ত্রীর প্রস্তাবে রাজি না হওয়ার কারণ 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের আজিজ সাহেবের মানসিকতার পরিবর্তনই 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের মূল উদ্দেশ্য।"– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২. (i) একটি ভাঙা কুলার আত্মকথন : 'আজ সমাদর না থাকলেও একদিন আমার কদর ছিল। সবাই আমাকে নিয়ে নানান কাজ করত। চাল পরিষ্কার, ধান থেকে চিটাগুলো আলাদা করা আর কত কী। কিন্তু এখন আমি বুড়ো হয়েছি। আজ চুলোর পাশে অনাদরে পড়ে আছি।

(ii) 'গাইবান্ধার নাকাইহাট এলাকায় শওকত আলী নামের এক অবসরপ্রাপ্ত শিক্ষক বাড়িতে গড়ে তুলেছেন বিলুপ্ত ও দুর্লভ প্রজাতির প্রায় এক হাজার ঔষধি ও ফলদ গাছের বাগান। সেই সঙ্গে বিলুপ্তপ্রায় ও দুর্লভ গাছের প্রজাতি ধরে রাখতে গাছের চারা দিচ্ছেন বিনামূল্যে।'

ক. 'নিমগাছ' গল্পের ম্যাজিক বাক্যটি কী? ১

খ. নিমগাছটা লোকটার সঙ্গে চলে যেতে পারে না কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপক (ii)-এর সঙ্গে 'নিমগাছ' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপক (i)-এর আত্মকথনই যেন 'নিমগাছ' গল্পের মূল সুর।'– মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন করো। ৪

৩. অকালে স্বামীকে হারিয়ে দুটি সন্তান নিয়ে দিশাহারা কল্পনা। জীবন-জীবিকার তাগিদে সহায়সম্বলহীন কল্পনা পাশের বাড়িতে ঝিয়ের কাজ করে। সকাল থেকে রাত অবধি কাজ করলেও গৃহকর্ত্রী আসমা বেগমের সন্তুষ্টি নেই। কোনো কাজে একটু ত্রুটি-বিচ্যুতি হলেই তাকে সহ্য করতে হয় নানা ধরনের কটূক্তি ও তিরস্কার। সন্তান দুটির মুখে দুমুঠো ভাত ও নিজের কোনো রকম বেঁচে থাকার তাগিদে জলভরা চোখে নীরবে মেনে নেয় কল্পনা।

ক. মমতাদি তার মাইনে কত আশা করেছিল? ১

খ. মমতাদিকে 'ছায়াময়ী মানবী' বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকের আসমা বেগমের সঙ্গে 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর বৈসাদৃশ্য বর্ণনা করো। ৩

ঘ. "উদ্দীপকের কল্পনা যেন 'মমতাদি' গল্পের মমতাদির বাস্তব রূপায়ণ।"– মূল্যায়ন করো। ৪

৪. দশম শ্রেণির ক্লাস পার্টির সবচেয়ে আকর্ষণীয় দিক ছিল 'অপরাজিতা' নামের নাটকটির দৃশ্যায়ন। পড়া না পারা, দেরিতে আসা, বাড়ির কাজ না করা ইত্যাদি কারণে অপু ছিল ক্লাসের সবার হাসি-ঠাট্টা ও বিদ্রূপের পাত্র। তার এই দুরবস্থার কারণ খুঁজতে গিয়ে নিলা ম্যাডাম জানতে পারেন, তার দুর্বল আর্থসামাজিক ও পারিবারিক অবস্থাই এর জন্য দায়ী। তখন তিনি তার প্রতি স্নেহ ও ভালোবাসাপূর্ণ সহযোগিতার হাত বাড়িয়ে দেন। তার মধ্যে আত্মবিশ্বাসের বীজ বপন করে সুপ্ত প্রতিভার উন্মেষ ঘটান। এক সময় অপুর কণ্ঠে দৃঢ়প্রত্যয় 'আমিও পারি'। আর এভাবেই সফলতার সূর্যটা হাতের মুঠোয় পুরে অপু হয়ে ওঠে 'অপরাজিতা'।

ক. আমাদের দেশে দশআনা শক্তির অধিকারী কারা? ১

খ. 'আত্মার ধর্ম' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের অপু 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধে বর্ণিত কাদের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের অপুদের 'অপরাজিতা' করে তোলাই 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধের মূল আহ্বান।"– বিশ্লেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. হাশরের দিন খোদা বলিবেন, 'হে আদম সন্তান,
আমি চেয়েছিনু ক্ষুধায় অন্ন, তুমি করো নাই দান।'
মানুষ বলিবে, 'তুমি জগতের প্রভু
আমরা তোমারে কেমনে খাওয়াব, সে কাজ কি হয় কভু?'
বলিবেন খোদা 'ক্ষুধিত বান্দা গিয়েছিল তব দ্বারে
মোরে কাছে ফিরে পেতে তাহা যদি খাওয়াইতে তারে।'

ক. 'মানুষ' কবিতায় কবি কালাপাহাড়কে আহ্বান জানিয়েছেন কেন? ১

খ. 'তব মসজিদ-মন্দিরে প্রভু নাই মানুষের দাবি।'– চরণটিতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের আদম সন্তান 'মানুষ' কবিতার কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'মানুষ' কবিতার মূলভাবের ধারক।"– বিশ্লেষণ করো। ৪

৬. বহু প্রাচীনকাল থেকেই আমরা বাঙালিরা শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করে এ দেশে টিকে আছি। ইংরেজদের অত্যাচার, পাকিস্তানিদের নিষ্ঠুর হত্যাযজ্ঞ– সব অত্যাচারকে শক্তি, সাহস ও মনোবল দিয়ে প্রতিহত করেছি। এখন আমরা স্বাধীন ও সার্বভৌম জাতি। এ স্বাধীনতা লাখো শহিদের রক্তের বিনিময়ে অর্জিত হয়েছে। আমরা তাঁদের প্রতি চিরকৃতজ্ঞ।

ক. কৈবর্ত বিদ্রোহ কার বিরুদ্ধে হয়েছিল? ১

খ. 'বাঙালি জাতির বীজমন্ত্র' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকে 'আমার পরিচয়' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'আমার পরিচয়' কবিতার আংশিক প্রতিফলন মাত্র।"– মূল্যায়ন করো। ৪

৭. ফারুক সাহেব একটি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক হিসেবে কর্মরত। তিনি বিদ্যালয়ে যথাসময়ে আসেন এবং ছুটির পর পরবর্তী দিনের কিছু কাজ গুছিয়ে বাড়ি ফেরেন। একদিন ভোরে আকস্মিকভাবে বাড়ি থেকে ছোটো ভাইয়ের মৃত্যুসংবাদ পেয়ে তিনি বাড়ি যান। ভাইয়ের দাফন-কাফন সম্পন্ন করে পরদিনই কর্মস্থলে পুনরায় ফিরে আসেন। বিদ্যালয়ে কর্মরত অন্যরা বিবিধ অসুবিধার সম্মুখীন না হন, এই ব্যাপারে তিনি খুবই দায়িত্বশীল ব্যক্তিত্ব।

ক. রানারের কাছে সহানুভূতির চিঠি পাঠাবে কে? ১

খ. 'দস্যুর ভয়, তারো চেয়ে ভয় কখন সূর্য ওঠে।'– এই চরণ দ্বারা কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ফারুক সাহেবের মধ্যে 'রানার' কবিতার রানার চরিত্রের কোন দিকটি প্রতিফলিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের ফারুক সাহেব এবং 'রানার' কবিতার রানার দায়িত্বশীলতার দিক হতে সহাবস্থানে বিরাজমান।"– মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো
দানবের মতো চিৎকার করতে করতে
তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
ছাত্রাবাস, বস্তি উজাড় হলো। রিকয়েললেস রাইফেল
আর মেশিনগান খই ফোটাল যত্রতত্র।

ক. বাঙ্কারের তদারকি করছিল কে? ১

খ. ফুলকলি বুধার দিকে কৃতজ্ঞতার দৃষ্টিতে তাকায় কেন? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক প্রতিনিধিত্ব করে।"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

৯. পাখিডাকা ছায়াঘেরা নিভৃত পল্লিগ্রাম নয়াকাটা। খেটে খাওয়া কৃষক সালামত আলির জন্ম এ গ্রামেই। সাত সদস্যের বড়ো সংসার চালাতে গিয়ে নুন আনতে পানতা ফুরিয়ে যায় তার। দেশের প্রেক্ষাপট কিংবা যুদ্ধ পরিস্থিতি নিয়ে তাই তার আগ্রহও নেই, তেমন ধারণাও নেই। গ্রামের কয়েকজন সচেতন শিক্ষিত যুবকের কাছে প্রথম তিনি জানতে পারেন মুক্তিযুদ্ধ সম্পর্কে। যুবকরা তাকে বলে– 'চাচা দেশকে শত্রুমুক্ত করতে হবে। তবেই দেশ হবে নিরাপদ। প্রতিষ্ঠিত করতে হবে শোষণ-বৈষম্যহীন একটি সুন্দর সমাজ।' যুবকদের কথায় কৃষক সালামত আলি মুক্তিযুদ্ধে অংশ নেন। হানাদার বাহিনীর বিরুদ্ধে লড়াই করতে গিয়ে সম্মুখযুদ্ধে জীবন বিসর্জন দেন কৃষক সালামত আলি।

ক. শামুকের খোলসটা কীসের মতো লাগে বুধার? ১

খ. বুধা তার চাচির বাড়ি থেকে চলে যায় কেন? ২

গ. উদ্দীপকের কৃষক সালামত আলি 'কাকতাড়ুয়া' উপন্যাসে কাদের প্রতিনিধিত্ব করেন। বর্ণনা দাও। ৩

ঘ. 'দেশপ্রেমিক হওয়ার ক্ষেত্রে দারিদ্র্য প্রতিবন্ধক হতে পারে না।'– উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০. জেএসসি পরীক্ষায় ভালো ফল করে নবম শ্রেণিতে পড়ছে সালেহা– তা-ও প্রায় শেষ পর্যায়। তার ইচ্ছা এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ভালো ফল করে বিশ্ববিদ্যালয়ে পড়বে। কিন্তু একদিন সালেহার বাবা বন্ধুর প্রবাসী ছেলের সঙ্গে সালেহার বিয়ের পাকা ব্যবস্থা করে আসেন। খবর শুনে সালেহা ও তার মা প্রবল আপত্তি জানায়। সালেহার মা মেয়ের লেখাপড়ার মাঝখানে তাকে বিয়ে দিতে নারাজ। তার এক কথা আগে মেয়ের লেখাপড়া। তাছাড়া পাত্রকে না দেখে, খোঁজখবর না নিয়ে এত তাড়াতাড়ি তিনি মেয়ের বিয়ে দিবেন না বলে স্বামীকে জানিয়ে দেন। অবশেষে সালেহার বাবার ভুল ভাঙে এবং মেয়ের বিয়ে স্থগিত করেন।

ক. বহিপীরের মতে কী না থাকলে মানুষের রুহ মরে যায়? ১

খ. 'এত দিনের পুরোনো জমিদারির শেষ রাত' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সালেহার বাবার আচরণে 'বহিপীর' নাটকে বর্ণিত তৎকালীন সমাজের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'খোদেজা ও সালেহার মা বিপরীত চিন্তাধারার মানুষ।'– উদ্দীপক ও নাটকের আলোকে যুক্তি দাও। ৪

১১. সুরত আলী একজন নামকরা পির। সারা দেশ থেকে মুরিদরা তার কাছে পানিপড়া, তেলপড়া নিতে আসে। এতে পিরসাহেবের ভালো রোজগার হয়। তার ছেলে সুমন এসব পছন্দ করে না। সে চায় লেখাপড়া শিখে ডাক্তার হয়ে মানুষের সেবা করতে। এতে সুমনের মা খুবই অসন্তুষ্ট। তিনি চান পরিবারে দীর্ঘদিনের পেশা সুমন চালিয়ে যাক।

ক. তাহেরার মতে পির সাহেব কেমন লোক? ১

খ. 'শাবাশ মেয়ে তুমি।'– খোদেজার এমন উক্তির কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সুমনের মায়ের সঙ্গে 'বহিপীর' নাটকের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের সুমন এবং 'বহিপীর' নাটকের হাশেম উভয়ের চিন্তাচেতনা একই ধারায় উৎসারিত।"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

মডেল টেস্ট- ০৫

# রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হেলেনাবাদ, রাজশাহী

## বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 1

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **সুভা নিয়মিত কতবার গোয়ালঘরে যায়?**
ক একবার খ দুইবার গ তিনবার ঘ চারবার

২. **'বই পড়া' প্রবন্ধের আত্মার মৃত্যু বলতে বোঝানো হয়েছে–**
ক উপলব্ধি বোধ না জাগা খ ব্যক্তিত্ব গড়ে না ওঠা
গ আত্মার বিকাশ না হওয়া ঘ বিবেকবোধ লোপ পাওয়া

৩. **'সব ব্যাটারাই এমন বামুন-কায়েত হতে চায়।'– 'অভাগীর স্বর্গ' গল্পে এ বক্তব্যে কোন ভাব ফুটে উঠেছে?**
ক ক্রোধ খ ক্ষোভ গ বিরক্তি ঘ বিদ্রূপ

৪. **'পলিসাহিত্য' প্রবন্ধ অনুসারে লোকসাহিত্য সংগ্রহের জন্য প্রয়োজন–**
i. আধুনিক শিক্ষার প্রসার ii. মানসিকতার পরিবর্তন iii. স্বেচ্ছাসেবক দল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
রিতার বয়স ১৩। রিতার অল্প বয়সে বিয়ে হওয়ায় সংসার সম্পর্কে কিছুই বোঝে না সে। সারা দিন পাড়া বেড়ানো, মাছধরা, শাপলা তোলা, জাম গাছে চড়ে জাম পাড়া সবকিছুতেই যেন আনন্দ তার।

৫. **উদ্দীপকের রিতার সঙ্গে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কার মিল রয়েছে?**
ক অপু খ দুর্গা গ হরিহর ঘ সর্বজয়া

৬. **সাদৃশ্যপূর্ণ চরিত্র দুটির ভাবগত ঐক্য হলো–**
i. দুরন্তপনায় ii. কৈশোরের চঞ্চলতায় iii. সাংসারিক বৈরাগ্যে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. **হজরত মুহম্মদ (স.)-এর মৃত্যুসংবাদ হজরত ওমর (রা.) কীভাবে গ্রহণ করেছিলেন?**
ক কান্নায় ভেঙে পড়ে খ স্বাভাবিকভাবে
গ উত্তেজিতভাবে ঘ ধীরে ধীরে

৮. **'নিমগাছ' গল্পে নিমগাছ প্রতীকের সূত্রের মাধ্যমে বনফুল দেখিয়েছেন নারীর–**
ক সাংসারিক মর্যাদা খ মানবিক মর্যাদা
গ সামাজিক গুরুত্ব ঘ অপরিসীম আত্মত্যাগ

৯. **তথাকথিত ছোটোলোক সম্প্রদায়ের মানুষ হওয়ার অধিকার ভুলে যাবার কারণ কী?**
ক নিজেদের অজ্ঞানতা খ ভদ্র সমাজের অত্যাচার
গ অর্থনৈতিক বৈষম্য ঘ সামাজিক বিশৃঙ্খলা

১০. **আমাদের সমাজে দেখা যায়– শিক্ষা অর্জন করেও আমরা এর সুফল পাচ্ছি না।– এর প্রকৃত কারণ কী?**
ক আমরা বন্দিজীবন ভালোবাসি
খ দীর্ঘদিন আমরা পরাধীন ছিলাম
গ আমরা মনে করি শিক্ষা অর্জনের উদ্দেশ্য অর্থ উপার্জন
ঘ পরীক্ষায় পাস করতে না পারলে আমাদের ধিক্কার দেয়

১১. **সৈয়দ মুজতবা আলী কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ** করেন?
ক ১৯০৩ খ ১৯০৪ গ ১৯০৯ ঘ ১৯১০

১২. **'মমতাদি' গল্পে মমতাদি চরিত্রে প্রকাশ পেয়েছে–**
i. আত্মমর্যাদাবোধ ii. দায়িত্বশীলতা iii. স্নেহবাৎসল্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. **কোন ভাষার উপদেশ কবির কাছে হিতকর?**
ক সংস্কৃত ভাষা খ গদ্যভাষা গ আরবি ভাষা ঘ দেশিভাষা

১৪. **চতুর্দশপদী কবিতার অষ্টকে থাকে–**
ক ভাবের প্রবর্তনা খ ভাবের ব্যাখ্যা
গ ভাবের পরিণতি ঘ উপসংহার

১৫. **ভবের উন্নতি করার জন্য অপরিহার্য কোনটি?**
ক সংসারে বৈরাগীসাজ ধারণ করা খ নিজ নিজ কাজ করা
গ সুখের আশা করা ঘ যুদ্ধ করা

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
ছোটো বলে কাউকে তুচ্ছ ও অবজ্ঞা করা ঠিক নয়। কারণ ছোটোর মধ্যেও বৃহত্তের বিপুল সম্ভাবনা থাকে। মেধা, মনন ও বুদ্ধির জোরে তারাও কল্যাণকর্মে ব্রতী হয়।

১৬. **উদ্দীপকের ছোটোর সঙ্গে 'জুতা-আবিষ্কার' কবিতার কোন চরিত্রের সাদৃশ্য আছে?**
ক হবু খ গোবু গ মন্ত্রী ঘ চামার কুলপতি

১৭. **উক্ত চরিত্রের যে দিকটি ফুটে ওঠে–**
i. পরোপকারী ii. তোষামুদে iii. প্রত্যুৎপন্নমতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. **'একলা গাই, একলা ধাই।'- 'ঝরনার গান' কবিতার পরের চরণ কোনটি?**
ক বিজন দেশ, কূজন নাই। খ ঝিমায় পথ, ঘুমায় বন।
গ দিবস রাত, সাঁঝ সকাল। ঘ নিজের পায়, বাজায় তাল।

১৯. **'ভুখারি' শব্দের অর্থ কী?**
ক দেবতা খ ভোগী গ ভিক্ষুক ঘ ক্ষুধার্ত ব্যক্তি

২০. **'সেইদিন এই মাঠ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?**
ক ঝরা পালক খ রূপসী বাংলা
গ মহাপৃথিবী ঘ বেলা অবেলা কালবেলা

২১. **'শোন মা, আমার– কিন্তু রাখিও যতন করে।'- শূন্যস্থানে কোনটি বসবে?**
ক ঘুড়ি খ লাটিম গ লাটাই ঘ পুতুল

২২. **কোন পাখি কবিকে চেনে?**
ক দোয়েল খ ময়না গ মাছরাঙা ঘ বক

২৩. **স্বাধীনতার জন্য কার সিঁথির সিঁদুর মুছে গেল?**
ক দুর্গারানির খ লক্ষ্মীরানির গ হরিদাসীর ঘ সুর বালার

২৪. **ক্ষুদিরাম বসুর জন্ম-মৃত্যু কবে?**
ক ১৮৭৯-১৯০৯ খ ১৮৮০-১৯০৯
গ ১৮৮৯-১৯০৮ ঘ ১৮৮৬-১৯০৬

২৫. **বুধার নাম কাকতাড়ুয়া দিয়েছে কে?**
ক নোলক বুয়া খ হরিকাকু গ জয়নাল চাচা ঘ গাঁয়ের লোক

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
কিশোর বয়সে মৃধা তার বাবার সঙ্গে মুক্তিযুদ্ধে যায়। নানাভাবে মৃধা মুক্তিযোদ্ধাদের সাহায্য করে। মৃত্যুর ভয় পদে পদে থাকলেও কখনো ভয় পায়নি সে।

২৬. **উদ্দীপকের চরিত্রটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করছে?**
ক বুধা খ মধু গ কুন্তি ঘ ফজু

২৭. **চরিত্র দুইটির একাত্মতায় প্রকাশ পেয়েছে–**
i. স্বদেশপ্রেম ii. সাহসিকতায় iii. উগ্রবাদিতায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. **নাটকের প্রাণ কোনটি?**
ক চরিত্র খ কাহিনি গ সংলাপ ঘ পরিবেশ

২৯. **কাকে কেন্দ্র করে 'বহিপীর' নাটকের ঘটনা প্রবাহ আবর্তিত হয়েছে?**
ক বহিপীর খ তাহেরা গ হাতেম আলি ঘ হাশেম

৩০. **'পির সাহেব যা চান তাই হবে।'- উক্তিটি কার?**
ক হাতেম আলি খ হাশেম গ তাহেরা ঘ খোদেজা

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# গভ. ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 0 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১. একবার পাখোম নামের এক ব্যক্তিকে একটা সুযোগ দেওয়া হলো। সন্ধ্যার আগে যে সীমানাটুকু সে ঘুরে আসতে পারবে, সেই পুরো জমিটা তার হয়ে যাবে। শর্তানুসারে সে দৌড়াতে শুরু করল। যখন প্রায় সন্ধ্যা, তখন সে দেখে, যে জায়গা থেকে সে রওনা দিয়েছিল তার ধারেকাছেও সে আসতে পারেনি বরং প্রচণ্ড তেষ্টা আর ক্লান্তি নিয়েই তার মৃত্যু হয়।
ক. শিক্ষার আসল কাজ কী? ১
খ. লেফাফাদুরস্তি আর শিক্ষা এক কথা নয় কেন? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের পাখোম চরিত্র 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটিকে মনে করিয়ে দেয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের পাখোমের মতো লোকদের মানসিকতা পরিবর্তনই 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের লেখকের প্রত্যাশা।"– যৌক্তিক মতামত দাও। ৪

২. ওকে? চণ্ডাল! চমকাও কেন! নহে ও ঘৃণ্য জীব
ওই হতে পারে হরিশচন্দ্র, ওই শ্মশানের শিব।
আজ চণ্ডাল, কাল হতে পারে মহাযোগী, সম্রাট
তুমি কাল তারে অর্ঘ্য দানিবে, করিবে নান্দী পাঠ।
ক. কলকাতা বিশ্ববিদ্যালয় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে কোন পদক প্রদান করেছিল? ১
খ. নাপিত কাঙালীর মায়ের হাত দেখে মুখ গম্ভীর করল কেন? ২
গ. উদ্দীপকের চণ্ডাল 'অভাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রের প্রতিচ্ছবি? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকে ফুটে ওঠা দিকই 'অভাগীর স্বর্গ' গল্পের মূলকথা।"– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৩. কচিকাঁচা স্কুলের শিক্ষক জনাব মাহিদুল হক বাউল সাধক লালন শাহের উপর একটি প্রামাণ্য চিত্র প্রদর্শনের আয়োজন করেন। নতুন প্রজন্মকে বাংলা সাহিত্য ও সংস্কৃতির মূল স্রোতের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়াই তাঁর উদ্দেশ্য। বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ বেশ উৎসাহ নিয়ে উপভোগ করে অনুষ্ঠানটি এবং প্রশংসা করে।
ক. নৃতত্ত্ব কী? ১
খ. Folklore Society-এর কাজ কী? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের শিক্ষকের ভাবনার সঙ্গে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের চিন্তাধারায় সাদৃশ্য নিরূপণ করো। ৩
ঘ. 'পল্লিসাহিত্য' প্রবন্ধে বর্ণিত লেখকের আকাঙ্ক্ষার বাস্তবায়নে উদ্দীপকের শিক্ষকের কার্যক্রমের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৪. লোক : মালিক, ঘাটে যাব, নদ্দীর ওপারে হামার বাড়ি।
নূর : আর এক পা ফেলবি না। গুলি দিয়ে ঠ্যাং নুলা করে দেবো।
লোক : ইয়া আল্লা! হামি মরে যাব যে! হামার জন্য কাঁদনের কেউ নাই সংসারে।
নূর : এই কাঁদিস না। কে তুই?
লোক : ফকির গরীবুল্লাহ হামার নাম।
ক. রাবণের বোনের নাম কী? ১
খ. বস্তুনিষ্ঠ প্রবন্ধ কাকে বলে? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধে উলিখিত সাহিত্যের যে শাখাটিকে নির্দেশ করে তার বর্ণনা দাও। ৩
ঘ. 'উদ্দীপকের ইঙ্গিতকৃত শাখাটিই সাহিত্যের একমাত্র শাখা নয় বরং এর রয়েছে বহুমাত্রিক শাখা-প্রশাখা।'– 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. পরীক্ষায় ভালো ফল করায় লাবণ্যকে তার বাবা রেডিয়ো শোনার জন্য একটি মোবাইল ফোন কিনে দেয়। কিন্তু দুদিন বাদেই লাবণ্য সেটা তার বাবাকে ফেরত দিয়ে দেয়। কারণ এফএম চ্যানেলগুলোতে উপস্থাপকরা বাংলা ভাষাকে ইচ্ছামতো বিকৃত করে উচ্চারণ করছে আর ইংরেজি ভাষার প্রতি বিশেষ গুরুত্ব দিচ্ছে। লাবণ্যর সেটা ভালো লাগে না।
ক. কোন ভাষার প্রতি কবি আবদুল হাকিমের কোনো বিদ্বেষ নেই? ১
খ. কারা হিন্দুর অক্ষরকে হিংসা করে? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকে বর্ণিত উপস্থাপকদের মধ্যে 'বঙ্গবাণী' কবিতার কাদের মানসিকতার প্রভাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উদ্দীপকের লাবণ্য কবি আবদুল হাকিমের চেতনার অনুসারী।'– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬. উনিশশো একাত্তর। রুপাতলী গ্রামে গিয়ে দেখা গেল গ্রামটি একেবারে লন্ডভন্ড; ঘর-বাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে। ভিটেগুলো খাঁ খাঁ জনশূন্য। পাশেই একটি খালের পাড়ে কিছু লাশ পড়ে আছে। রক্তের ধারা গিয়ে মিশেছে খালের পানিতে।
ক. জেলেপাড়ার সবচেয়ে সাহসী লোকটির নাম কী? ১
খ. 'শহরে ট্যাঙ্ক এলো দানবের মতো চিৎকার করতে করতে'– পঙ্ক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার যে দিকটির ইঙ্গিত রয়েছে তার বর্ণনা করো। ৩
ঘ. "উদ্দীপকের চেয়ে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার বিস্তৃতি আরও বেশি।"– বিশ্লেষণ করো। ৪

৭. (i) মানুষ ভজলে সোনার মানুষ হবি
মানুষ ছাড়া ক্ষ্যাপারে তুই মূল হারাবি।
(ii) মোরা এক বৃন্তে দুটি কুসুম হিন্দু-মুসলমান
মুসলিম তার নয়নমণি হিন্দু তার প্রাণ।
এক সে আকাশ মায়ের কোলে
যেন রবি-শশী দোলে,
এক রক্ত বুকের তলে, এক সে নাড়ির টান।
ক. 'আজারি' শব্দের অর্থ কী? ১
খ. কবি ভজনালয়ের সব তালা দেওয়া দ্বার ভেঙে ফেলতে বলেছেন কেন? ২
গ. উদ্দীপকের (i) অংশের সঙ্গে 'মানুষ' কবিতার বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের দ্বিতীয় অংশই 'মানুষ' কবিতায় বর্ণিত কবি চেতনার যথার্থ বহিঃপ্রকাশ।"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. নশু মিয়া গ্রামের লোকজনকে নিয়ে একটি দল গঠন করে। তারা পাকিস্তানি হানাদারদের জন্য বাড়ি বাড়ি গিয়ে গোরু, ছাগল, মুরগি সংগ্রহ করে। তাদের পথঘাট চিনিয়ে দেয়। কেউ তা দিতে না চাইলে তাকে পাকিস্তানিদের ক্যাম্পে ধরে নিয়ে গিয়ে নির্মম অত্যাচার চালায়। এমনকি বাড়িঘর পুড়িয়ে দেয়, লুটপাট করে।
ক. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাসের নাম কী? ১
খ. মতিউরের হম্বিতম্বিতে লোক জড়ো হয়েছিল কেন? ২
গ. উদ্দীপকের নশু মিয়া 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের নশু মিয়ার মতো লোকদের প্রতিহত করতে বুধার ভূমিকা মূল্যায়ন করো। ৪

৯. স্বাধীনতা যুদ্ধের সময় মিলিটারির তাণ্ডবে যখন সবাই গ্রাম ছেড়ে পালাচ্ছে, তখন কেরামত মিয়া বলে ওঠে, 'যাও তোমাদের যেখানে ইচ্ছা চলে যাও, আমি পড়ে থাকব এই বাংলায়। লড়াই করব, হয় মরব, না হয় মারব।'
ক. শাহাবুদ্দিনের নৌকা কোন দিকে যায়? ১
খ. 'চুপ বেয়াদপ।'– কথাটি কে, কখন বলেছিল? প্রসঙ্গটি উলেখ করো। ২
গ. উদ্দীপকটি বুধা চরিত্রের যে দিকটি উন্মোচিত করে তার বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূলসুরটি খুঁজে পাওয়া যায় কি? যৌক্তিক মতামত দাও। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০. মা : শাকিল, এই পানিপড়াটা রোজ সকালে বৌমাকে খাইয়ে দিবি। দেখবি খোদা এবার মুখ তুলে চাইবেন। খুব নাম করা পিরের কাছ থেকে এনেছি। এবার নিশ্চয়ই নাতি-নাতনির মুখ দেখতে পাব।
শাকিল : মা, এসব পানিপড়ায় কিছু হয় না। আমরা উন্নত চিকিৎসা করাচ্ছি। তুমি দোয়া করো, আল্লাহ যেন তোমার মনের আশা পূরণ করেন।
ক. 'বাড়িতে কে আছে আপনার?'– তাহেরাকে এ প্রশ্ন করে কে? ১
খ. 'এবার তার সাধের স্বপ্নও ভাঙবে।'- এখানে কোন স্বপ্নের কথা বলা হয়েছে? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের মা 'বহিপীর' নাটকের কোন চরিত্রের বৈশিষ্ট্য ধারণ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের ভাববস্তু অপেক্ষা 'বহিপীর' নাটকের ব্যাপ্তি আরও অনেক বেশি।"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

১১. বিশ্বের যা-কিছু মহান সৃষ্টি চির-কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।
ক. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হয়? ১
খ. 'এমন মেয়েও কারও পেটে জন্মায় জানতাম না।'- উক্তিটির প্রসঙ্গ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকটি যে দিক থেকে 'বহিপীর' নাটকের সঙ্গে বৈপরীত্য প্রকাশ করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের খণ্ডাংশ মাত্র।"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৬

# বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, বগুড়া

## বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 1

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **'আমার শরীরে লেগে আছে এই স্নিগ্ধ মাটির সুবাস।'– এ পঙ্ক্তিতে প্রকাশ পেয়েছে কবির–**
i. দেশপ্রেমের গভীরতা ii. ধুলোবালির সঙ্গে সখ্য
iii. জন্মভূমির সঙ্গে একাত্মতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২. **রানার-এর দুঃখ কে জানাবে?**
ক পথের তৃণ খ রাত্রি গ জোনাকিরা ঘ আকাশের তারা

৩. **গাজী গাজী বলে নৌকা চালাত কে?**
ক কেষ্ট দাস খ সগীর আলী গ রুস্তম শেখ ঘ মতলব মিয়া

৪. **পাহাড়পুরের বৌদ্ধবিহার কে আবিষ্কার করেছিলেন?**
ক কিংসফোর্ড খ শ্রী ধর্মপাল দেব
গ সার কানিংহাম ঘ হরপ্রসাদ শাস্ত্রী

৫. **'কবির বিরুদ্ধে কবি, মার্চের বিরুদ্ধে মার্চ,'– চরণ দ্বারা কবি বোঝাতে চেয়েছেন–**
i. অশুভ শক্তির উত্থান ii. স্বাধীনতাকামী iii. দেশদ্রোহীদের নীলনকশা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬. **বুধারা কয় ভাই-বোন?**
ক ৪ জন খ ৫ জন গ ৬ জন ঘ ৭ জন

৭. **'ওইটুকু তেলের দাম শোধ দিতে হবে না।'– কার উক্তি?**
ক হাবিব খ মিঠু গ আলি ঘ মধু

৮. **বুধা কাকে ভীতুর ডিম বলেছিল?**
ক রানিকে খ মধুকে গ কুন্তিকে ঘ ফুলকলিকে

৯. **'বহিপীর' নাটকে অনমনীয় চরিত্র কোনটি?**
ক খোদেজা খ তাহেরা গ হাশেম ঘ হাতেম

১০. **'সূর্যাস্ত আইন' কত সালে প্রণীত হয়?**
ক ১৭৯১ খ ১৭৯২ গ ১৭৯৩ ঘ ১৭৯৪

১১. **'বুঝি, তবু যেন বুঝি না।'– উক্তিতে প্রকাশ পেয়েছে হাতেম আলির–**
ক অসহায়ত্ব খ নির্বুদ্ধিতা গ কপটতা ঘ দুর্বোধ্যতা

১২. **মধ্যাহ্নে মাঝিরা কোথায় যেত?**
ক ঘুমাতে খ বিশ্রাম নিতে গ খাবার খেতে ঘ মাছ ধরতে

১৩. **হিন্দুস্তানি দারোয়ান কাঙালীকে মারিতে গিয়ে মারিল না কেন?**
ক রসিককে দেখে খ অশৌচের ভয়ে
গ মায়ার কারণে ঘ ক্ষমা চাওয়ার কারণে

১৪. **'জাঁ ক্রিস্তফ' কার অমূল্য কীর্তি?**
ক রোমাঁ রোলাঁ খ উইলিয়াম থমস্
গ দক্ষিণারঞ্জন মিত্র ঘ লিও তলস্তয়

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
নরম শ্রেণির ছাত্রী সাদিয়া নিয়মিত লাইব্রেরিতে গিয়ে পড়াশোনা করে। অন্যদিকে তাসনিম মনে করে, লাইব্রেরিতে অন্য বই পড়লে সময় নষ্ট হবে, ক্লাসে ভালো রেজাল্ট হবে না।

১৫. **উদ্দীপকের সাদিয়ার কাজে 'বই পড়া' প্রবন্ধের কোন দিক প্রকাশিত হয়েছে?**
ক শখ পূরণ খ ঐশ্বর্য সন্ধান
গ মনোবল বাড়ানো ঘ স্বশিক্ষিত হওয়া

১৬. **উদ্দীপকের তাসনিমের মতো মানুষেরা–**
i. লাইব্রেরির গুরুত্ব অনুভব করে না
ii. জাতিগতভাবে শিক্ষার গুরুত্ব বুঝে না
iii. সাহিত্যচর্চার সুফল সম্বন্ধে সন্দিহান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. **'তার স্বর সতর্কতা মিশ্রিত।'– এখানে কার স্বরের কথা বলা হয়েছে?**
ক দুর্গার খ হরিহর গ অপু ঘ সর্বজয়া

১৮. **'আমি এমন এক নারীর সন্তান, সাধারণ শুষ্ক মাংসই ছিল যাঁহারা নিত্যকার আহার্য।'– এ কথায় প্রকাশ পেয়েছে হজরত মুহম্মদ (স.)-এর–**
i. সামান্যতাবোধ ii. ঔদার্যবোধ iii. মহত্ত্ববোধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. **'নিমগাছ' গল্পে 'শিকড়' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক গাছের মূল খ নিমগাছের অস্তিত্ব
গ জীবনের বাস্তবতা ঘ পারিবারিক বন্ধন

২০. **কাবুল থেকে খাজামোল্লা গ্রামটির দূরত্ব কত?**
ক দেড় মাইল খ আড়াই মাইল
গ সাড়ে তিন মাইল ঘ পাঁচ মাইল

২১. **নববর্ষ উৎসব আজ আমাদের জাতির কীসের ধারক?**
ক ইতিহাসের খ ঐতিহ্যের গ চৈতন্যের ঘ স্বকীয়তায়

২২. **'ফ্লাইট লেফটেন্যান্ট মতিউরের কথা'– 'একাত্তরের দিনগুলি'র কত তারিখের চিঠিতে উলেখ রয়েছে?**
ক ১৩ এপ্রিল খ ১২ মে গ ২৫ জুলাই ঘ ১১ অক্টোবর

২৩. **'গল্পপাঠ শেষ করেও পাঠক কাহিনির সমাপ্তি খোঁজে।'– বক্তব্যটি ধারণ করে যেসব পঙ্ক্তিতে–**
i. ঘটনার ঘনঘটা ii. শেষ হয়ে হইল না শেষ iii. অন্তরে অতৃপ্তি রবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. **'বঙ্গদেশীয় বাক্য' বলতে কবি বুঝিয়েছেন–**
ক বাংলা ভাষা খ হিন্দি ভাষা গ মাতৃভাষা ঘ সকল ভাষা

২৫. **'কপোতাক্ষ নদ' কবিতায় 'রাজা' কাকে বলা হয়েছে?**
ক নদীকে খ সাগরকে
গ কবির গ্রামকে ঘ কপোতাক্ষ নদকে

২৬. **'জুতা-আবিষ্কার' কবিতার সবচেয়ে বিচক্ষণ চরিত্র বলা যায় কোনটিকে?**
ক মন্ত্রী খ রাজা গ বিজ্ঞানী ঘ চর্মকার

২৭. **নিচের কোনটি সত্যেন্দ্রনাথ দত্ত রচিত কাব্য?**
ক অপরাজিতা খ বিসর্জন
গ বেলাশেষের গান ঘ ছায়াময়ী

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
'যখন রব না আমি এই মর্ত্যকায়ায়
তখন স্মরিতে যদি হয় মন
তবে তুমি এসো এই নিভৃত ছায়ায়
যেথা এই চৈত্রের শালবন।'

২৮. **উদ্দীপকে 'সেইদিন এই মাঠ' কবিতার কোন ভাব ফুটে উঠেছে?**
ক প্রকৃতি ভাবনা খ মৃত্যু ভাবনা
গ অতীত ভাবনা ঘ ভবিষ্যৎ ভাবনা

২৯. **উদ্দীপকের ভাবটিকে যে কারণে 'সেইদিন এই মাঠ' কবিতার সার্থক প্রতিফলন বলা যায়–**
i. সমাজ নিরবচ্ছিন্ন ii. প্রকৃতি নিরবচ্ছিন্ন iii. জীবন নশ্বর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. **'পল্লিজননী' কবিতায় কোন ফলের কথা বলা হয়েছে?**
ক আমড়া খ আতাফল গ বেথুল ঘ জাম

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বগুড়া জিলা স্কুল

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট
পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১. এ পৃথিবীতে নানা ধর্ম-বর্ণ-জাতির মানুষ বসবাস করছে। সমাজে মানুষকে জাত-পাত নিয়ে যেমন– লড়াই করতে দেখা যায়, তেমনি আবার মানুষ জাত-পাতের উর্ধ্বে উঠে একজন অন্যজনকে ভালোবাসে। এরকমই একজন মানুষ মেম্বার নুরুল হোসেন। তিনি গ্রামের সকল শ্রেণির পেশার মানুষের বিপদে সবার আগে এগিয়ে যান। তাদের দুঃখকষ্ট দূর করার চেষ্টা করেন।

ক. 'মুষ্টিযোগ' শব্দের অর্থ কী? ১
খ. 'বাংলাদেশের জমিদার ও তাহার কর্মচারীকে সে চিনিত না।'– ব্যাখ্যা করো। ২
গ. "উদ্দীপকের নুরুল হোসেন এবং 'অভাগীর স্বর্গ' গল্পের গোমস্তা একে অন্যের বিপরীত।"– ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকে নুরুল হোসেনের কার্যক্রমই 'অভাগীর স্বর্গ' গল্পের লেখকের প্রত্যাশা।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

২. মিতুর দাদি বিভিন্ন সিরিয়াল দেখে অবসর সময় কাটান। মিতু দাদির কাছে বিভিন্ন রূপকথা শুনতে চায়। কিন্তু তার দাদি বলেন, 'সেসব কি এখন মনে আছেরে। তার চেয়ে আয়, টিভিতে সিরিয়াল দেখি।' দাদির এমন কথায় মিতুর মন খুব খারাপ হয়ে পড়ে।

ক. Folklore Society-এর কাজ কী? ১
খ. আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোত বলতে লেখক কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'পলিসাহিত্য' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মিতুর দাদির রূপকথার গল্পে আগ্রহ না থাকার কারণ 'পলিসাহিত্য' প্রবন্ধের আলোকে বিশেষণ করো। ৪

৩. ইমাম হাসান স্ত্রীর দেওয়া বিষপানে মৃত্যুকালে তাঁর বিষদাতার পরিচয় জানতে পেরেও তাকে উদ্দেশ্য করে বলেন, 'তোমাকে বড়োই ভালোবাসিতাম, স্নেহ করিতাম, তাহার উপযুক্ত কার্যই তুমি করিয়াছ। তোমার চক্ষু হইতে হাসান চিরতরে বিদায় হইতেছে। সুখে থাকো-তোমাকে আমি ক্ষমা করিলাম।'

ক. 'অনুরুদ্ধ' শব্দের অর্থ কী? ১
খ. 'সুমহান প্রতিশোধ' বলতে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'প্রতিফলিত দিকটি ছাড়াও হজরত মুহম্মদ (স.) অন্যান্য গুণে গুণান্বিত ছিলেন।'– মন্তব্যটি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে বিশেষণ করো। ৪

৪. এমন স্নিগ্ধ নদী কাহার, কোথায় এমন ধূম্র পাহাড়,
কোথায় এমন হরিৎক্ষেত্র আকাশ তলে মেশে।
এমন ধানের উপর ঢেউ খেলে যায় বাতাস কাহার দেশে।
এমন দেশটি কোঁথাও খুঁজে পাবে নাকো তুমি
সকল দেশের রানি সে যে আমার জন্মভূমি।

ক. লেখকের ভাষ্যে ইংল্যান্ডে মাত্র একবার কে কে আঁতাত করেছিল? ১
খ. মাংসের গামলায় লেখক আলুকে অপাঙ্‌ক্তেয় বললেন কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
ঘ. 'সাদৃশ্য থাকলেও উদ্দীপক ও পঠিত ভ্রমণকাহিনির মধ্যে রয়েছে বিস্তর পার্থক্য।'– বিশেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. বলিবেন খোদা 'ক্ষুধিত বান্দা গিয়েছিল তব দ্বারে,
মোর কাছে তুমি ফিরে পেতে তাহা, যদি খাওয়াইতে তারে।

ক. কালাপাহাড় কে? ১
খ. 'ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমায় নয়' বলতে কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'ক্ষুধিত বান্দা' এবং 'তব দ্বারে' 'মানুষ' কবিতার কোন অংশের প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটি 'মানুষ' কবিতার সামগ্রিকতাকে ধারণ করে কি? তোমার মতামত দাও। ৪

৬. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনী হত্যাযজ্ঞ চালালে বাঙালিরা জেগে ওঠে। তাদের দৃঢ়প্রতিজ্ঞা হয়– যে করেই হোক বাংলাদেশকে স্বাধীন করতেই হবে। আপামর জনসাধারণের আত্মত্যাগ, নারীদের সম্ভ্রমহানি ইত্যাদির বিনিময়ে আজ আমরা পেয়েছি স্বাধীন এবং সার্বভৌম বাংলাদেশ।

ক. শামসুর রাহমানের কবিতায় কোন বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ১
খ. জলপাই রঙের ট্যাঙ্ককে কবি দানব বলেছেন কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার সাদৃশ্য নিরূপণ করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার পূর্ণরূপ নয়।– মন্তব্যটির যথার্থতা বিশেষণ করো। ৪

৭. আমাদের আধুনিক সাহিত্যের বয়স বাংলা সাহিত্যের ইতিহাসের তুলনায় অনেক কম। বাংলা সাহিত্যের মধ্যে পলিসাহিত্য অনেক সমৃদ্ধ। কিন্তু বর্তমানে পলিসাহিত্যকে বিশেষভাবে দেখা যায় না। গ্রামের পালা গান, কবি গান, বাউল গান, জারি, সারি, ভাটিয়ালি এখন বিলুপ্ত প্রায়। অথচ বর্তমানে আমরা আধুনিক সাহিত্যের যে জয়ধ্বনি করছি, তার মূলে রয়েছে পলিসাহিত্যের প্রেরণা।

ক. বৌদ্ধবিহার কোথায় অবস্থিত? ১
খ. কবি 'আমার পরিচয়' কবিতায় বারোভূঁইয়াদের প্রসঙ্গ এনেছেন কেন? ২
গ. উদ্দীপকের সঙ্গে 'আমার পরিচয়' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপক ও 'আমার পরিচয়' কবিতা একই চেতনা বহন করে।"– কথাটির যথার্থতা বিশেষণ করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. এক সাগর রক্তের বিনিময়ে,
বাংলার স্বাধীনতা আনলে যাঁরা,
আমরা তোমাদের ভুলব না।

ক. বুধা কার সঙ্গে মাটি কাটতে চেয়েছিল? ১
খ. 'কিন্তু আমরা তিনজন নই, একজন' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "'কাকতাড়ুয়া' উপন্যাসের পরিসর উদ্দীপকের চেয়ে অনেক বড়ো।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

৯. একাত্তরের পাকহানাদার
মানুষ ছিল না ওরা, ছিল বুনো জানোয়ার
ভাইয়ের সামনে বোনকে মেরেছে, মায়ের কোলে শিশু
ওদের কাছে হার মেনেছে বনের হিংস্র পশু।

ক. জয়নাল চাচা কখন বুধাকে বাবা ডাকে? ১
খ. 'নিজেদের মানুষ' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটির প্রতি ইঙ্গিত করে তা বর্ণনা করো। ৩
ঘ. 'উক্ত দিকটিই বুধাকে যোদ্ধা বানিয়েছে।'– মন্তব্যটি বিশেষণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০. হুমায়ূন আহমেদের 'অয়োময়' উপন্যাসের নায়ক জমিদার মির্জা। মির্জা সাহেবের মা একজন কঠোর মহিলা, যার সব সময়ই অভিযোগ ছিল তার ছেলে মির্জা মস্ত এক গাধা। তাঁর উচিত তাদের পূর্বপুরুষদের মতো মানুষকে কঠোর শাস্তির মাধ্যমে এলাকা শাসন করা। কিন্তু মির্জা সাহেব মনে করেন তাঁর নিঃসন্তান হওয়ার মূল কারণ– মানুষের উপর অত্যাচারের শাস্তি। তাই তিনি সবকিছুর বিনিময়ে একটি সন্তান চান। ঘটনার একপর্যায়ে সূর্যাস্ত আইনে মির্জার জমিদারি নিলামে ওঠে।

ক. 'বহিপীর' নাটকের প্রথম সংলাপটি কার? ১
খ. বহিপীর বইয়ের ভাষায় কথা বলেন কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের সূর্যাস্ত আইন 'বহিপীর' নাটকে কীভাবে প্রতিফলিত হয়েছে তা বর্ণনা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সমগ্র ভাব ধারণ করতে পারেনি।"– উক্তিটি বিশেষণ করো। ৪

১১. বিদেশফেরত রহমত মিয়ার সঙ্গে ললিতার বাবা-মা ললিতাকে জোর করে বিয়ে দেন। ষাটোর্ধ্ব রহমত মিয়া প্রচুর ধনসম্পদের মালিক। মেয়ের সুখের কথা চিন্তা করে ললিতার গরিব বাবা এই সিদ্ধান্ত নেন। পালিয়ে যাওয়ার কথা কয়েকবার চিন্তা করেও ললিতা বাবার কথা ভেবে বৃদ্ধ স্বামীর সংসার করতে বাধ্য হয়।

ক. হাতেম আলির জমিদারি কোন এলাকায়? ১
খ. 'খোদার বাণী বহন করার উপযুক্ততা তাহার নাই।'– কোন প্রসঙ্গে বহিপীরের এই উক্তি? ২
গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের কোন দিকটি প্রাধান্য পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'তাহেরার মতো বিদ্রোহী হলে ললিতার জীবন ভিন্ন রকম হতে পারত।'– উদ্দীপক ও 'বহিপীর' নাটকের আলোকে বিশেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৭

# ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

## বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট | পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **মানিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যজগতে পরিচিতি ঘটে কোন রচনার মধ্য দিয়ে?**
ক পুতুলনাচের ইতিকথা  খ অতসীমামী
গ দিবারাত্রির কাব্য  ঘ পদ্মানদীর মাঝি

২. **'যদি না ধুলা লাগিবে তব পায়ে, পায়ের ধুলা পাইব কী উপায়ে!'— মন্ত্রীর এ কথায় প্রকাশ পেয়েছে তার—**
i. অকর্মণ্যতা  ii. অজুহাত  iii. কাণ্ডজ্ঞানহীনতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৩. **সামরিক জান্তা পত্রিকায় মিথ্যা বিবৃতি প্রকাশের মাধ্যমে কী প্রমাণ করতে চেয়েছে?**
ক সবাই সরকারের অনুগত আছে  খ সবকিছুই সরকারের নিয়ন্ত্রণে
গ দেশের সবাই ঠিক আছে  ঘ দেশে কোনো অশান্তি নেই

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
'দক্ষিণ দুয়ারি ঘরের রাজা,
পূর্ব দুয়ারি তাহার প্রজা।
উত্তর দুয়ারির অন্ন নাই,
পশ্চিম দুয়ারির মুখে ছাই।'

৪. **'পলিসাহিত্য' প্রবন্ধের আলোকে ওপরের স্তবকটিকে কোন শ্রেণিভুক্ত করা যায়?**
ক ডাক ও খনার বচন  খ ছড়া
গ প্রবাদ  ঘ উপকথা

৫. **উক্ত শ্রেণিভুক্তির কারণ—**
ক সরস প্রাণের জীবন্ত উৎস  খ আনন্দ ও সৌন্দর্যের প্রকাশ
গ হাজার বছরের ভূয়োদর্শন  ঘ শ্রমজীবী মানুষের কাহিনি

৬. **'কপোতাক্ষ নদ' কবিতায় সীমাহীন দেশপ্রেম ফুটে উঠেছে নিচের কোন পঙ্‌ক্তিতে?**
i. সতত, হে নদ, তুমি পড় মোর মনে!
ii. দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে।
iii. লইছে যে নাম তব বঙ্গের সংগীতে।
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৭. **'আর একটি প্রাণী একটু দূরে থাকিয়া এই দলের সঙ্গী হইল।'— কে?**
ক কাঙালী  খ রসিক দুলে
গ কাঙালীর মা  ঘ ঈশ্বর নাপিত

৮. **'অশন' অর্থ কী?**
ক বিশেষ পরিধেয় বস্ত্র  খ আহারের বস্তু
গ রোগবিশেষ  ঘ অনশন

৯. **নিচের কোনটি আলাদা শ্রেণির?**
ক বই পড়া  খ মমতাদি  গ নিমগাছ  ঘ সুভা

১০. **'নিয়তি' গল্পে বেঙ্গল টাইগার সারা দিন বাড়ির সামনে কী করত?**
ক পাহারা দিত  খ শুয়ে থাকত  গ বসে থাকত  ঘ ঘুমিয়ে থাকত

১১. **সিকান্দার আবু জাফর কত তারিখে জন্মগ্রহণ করেন?**
ক ১৭ মার্চ  খ ১৯ মার্চ  গ ২২ এপ্রিল  ঘ ১৯ মে

১২. **'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবির সামনে কী?**
ক শূন্য খাঁ খাঁ রান্নাঘর  খ সরু পথ
গ ধানের খেত  ঘ ধু ধু নদীর কিনার

১৩. **'এক সাথে আছি এক সাথে বাঁচি।'— এ চরণে কী প্রকাশ পেয়েছে?**
ক ঐক্য  খ প্রতিবাদ  গ অসাম্প্রদায়িকতা  ঘ সাম্যবাদ

১৪. **'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে মহানবি (স.)-কে কোন ক্ষেত্রে কুসুমকোমল বলা হয়েছে?**
ক বিশ্বস্ততায়  খ সত্যের সাধনায়
গ রূপ-লাবণ্যে  ঘ করুণায়

১৫. **লেখক আবদুর রহমানের ঠোঁট দুটো দেখতে পাননি, কারণ আবদুর রহমান—**
ক অতিশয় কর্মতৎপর  খ নরদানব আকৃতির
গ আফগান সংস্কার মানে  ঘ ভীমসেন তুল্য

১৬. **'জুতা-আবিষ্কার' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**
ক বলাকা  খ ক্ষণিকা  গ কল্পনা  ঘ মানসী

১৭. **'আমার পরিচয়' কবিতায় বাঙালির ঐক্যবদ্ধ আন্দোলনের নিদর্শন কোনটি?**
ক কৈবর্ত বিদ্রোহ  খ ক্ষুদিরাম ও সূর্য সেন
গ সার্বভৌম বারোভূঁইয়া  ঘ রাষ্ট্রভাষার লাল রাজপথ

১৮. **সৈয়দ ওয়ালীউল্লাহ সাহিত্যকর্মের জন্য মরণোত্তর পুরস্কার লাভ করেন—**
i. বাংলা একাডেমি  ii. একুশে পদক  iii. আদমজী পুরস্কার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

১৯. **'বহিপীর' নাটকের প্রথম সংলাপটি কার?**
ক হাশেম আলির  খ তাহেরার  গ বহিপীরের  ঘ খোদেজার

২০. **নাটকে সাধারণত কয়টি উপাদান থাকে?**
ক ২  খ ৩  গ ৪  ঘ ৫

২১. **বুধার সবচেয়ে ছোটো বোনের নাম কী?**
ক বিনু  খ তিনু  গ শিলু  ঘ কুন্তি

২২. **কাকতাড়ুয়া সেজে কাঠফাটা রোদে দাঁড়িয়ে থাকলে বুধার মাথায় কীসের ছায়া নেমে আসে?**
ক মেঘের  খ গাছের  গ ঘরের  ঘ শকুনের

২৩. **'কাকতাড়ুয়া' উপন্যাসে কোন বিষয়টি বিশেষ ব্যঞ্জনাময় হয়ে উঠেছে?**
ক গেরিলা আক্রমণ  খ বুধার দেশপ্রেম
গ রাজাকারদের দৌরাত্ম্য  ঘ পাকিস্তানি বাহিনীর নিপীড়ন

২৪. **রানারের সংসারের অভাব বোঝাতে কবিতায় কোন শব্দটি ব্যবহৃত হয়েছে?**
ক কালো ধোঁয়া  খ রাতের কালো
গ রাত নির্জন  ঘ ক্লান্তশ্বাস

২৫. **'আমার পরিচয়' কবিতা অনুযায়ী বাঙালি জাতির টিকে থাকার কারণ—**
ক ঐক্যবদ্ধতা ও সৌন্দর্যবোধ  খ ঐতিহ্যের প্রতি সম্মান
গ দেশপ্রেম ও জাতীয়তাবোধ  ঘ মানবতা ও সাম্যের বোধ

২৬. **'ঝরনার গান' কবিতায় কখন ঝিঁঝির ডাক শোনা যায়?**
ক সকাল-সন্ধ্যা  খ সাঁঝ-সকাল  গ রাত-দুপুর  ঘ দুপুর-ভোর

২৭. **'আজকাল চাষীদের ঘরে লক্ষ্মী বাঁধা- ভদ্দর লোকেরাই হয়ে পড়েছে হা ভাত যো ভাত।'— হরিহরের এ উক্তিতে প্রকাশ পেয়েছে—**
ক হতাশা  খ বিরক্তি  গ আক্ষেপ  ঘ ঘৃণা

২৮. **'রাখিবন্ধন' কোন পূর্ণিমায় অনুষ্ঠিত হয়?**
ক হেমন্তের  খ শ্রাবণের  গ শীতের  ঘ বসন্তের

২৯. **হানাদার বাহিনীর দানবীয় তাণ্ডবলীলা বোঝাতে কবি 'সাহসী জননী বাংলা' কবিতায় কোন উপমাটি ব্যবহার করেছেন?**
ক অসুর নৃত্য  খ রক্তাক্ত হাত  গ মৃতের আগুন  ঘ বাঘের থাবা

৩০. **'রাজনীতির কবি' হিসেবে বঙ্গবন্ধুকে আখ্যায়িত করা হয়—**
ক ৭ই মার্চ, ১৯৭১  খ ২৬ মার্চ, ১৯৭১
গ ৫ এপ্রিল, ১৯৭১  ঘ ১৭ এপ্রিল, ১৯৭১

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর জিলা স্কুল

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | 1 | 0 | 1 |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

**[দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক বিভাগ–গদ্য

১. ধীবরেরা ছোটো জাত বলে মৃতদেহ পোড়াবার অধিকার নেই। কিন্তু মায়ের দেহ যে পোড়াতেই হবে, নইলে সে স্বর্গে যাবে না– ভাবে কুবের। তাই কুবের দ্বারে দ্বারে কাঠের জন্য ঘোরে। নিচু জাতের ছেলে কুবেরকে নিয়ে জাতি-বর্ণবাদী উঁচু জাতের মানুষেরা মত্ত হয়।

ক. কাঙালী প্রতিদিন জল পানির জন্য কত পয়সা পেত? ১
খ. কাঙালীর মায়ের নাম অভাগী রাখা হয়েছিল কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের কুবের ও 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালীর তুলনামূলক আলোচনা করো। ৩
ঘ. "'অভাগীর স্বর্গ' গল্পটি তৎকালীন জাত-বর্ণ ও ধর্মীয় গোঁড়ামির অকৃত্রিম চিত্র।"– মূল্যায়ন করো। ৪

২. বেদনার মতো রয়েছে একটি গাছ
কিছু শূন্যতাকে ঘিরে
চিরে-ফেড়ে তাকে; তৈরি সভ্যতার তক্তা
চেনা সেই মানুষটা তবুও দাঁড়ায় গাছের তলায়, দেখি!

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১
খ. 'কবিরাজ নয়, কবি।'– ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'নিমগাছ' গল্পের প্রতিফলিত দিকটি আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের অন্তর্নিহিত ভাব নয় বরং একটি বিশেষ অবস্থা তুলে ধরেছে।"– বিশেষণ করো। ৪

৩. সিরাজ সালেকীন অধ্যাপক ও শিক্ষা গবেষক। তিনি বলেন– সভ্যতা বিকাশের বিভিন্ন স্তরে শিক্ষার লক্ষ্য-উদ্দেশ্য নিয়ে নানা মতভেদ রয়েছে। শিক্ষায় এক এক যুগে এক এক উপাদান প্রাধান্য পেয়েছে। কিন্তু বরাবরই মানুষের মঙ্গলময়তাকেই গুরুত্ব দেওয়া হয়েছে। তাই প্রত্যেক শিক্ষাব্যবস্থায় সাহিত্য উঁচু স্থান পেয়েছে।

ক. শিক্ষার সর্বপ্রধান অঙ্গ কোনটি? ১
খ. 'আমাদের শিক্ষাই আমাদের নির্জীব করছে।'– ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'বই পড়া' প্রবন্ধের উপস্থাপিত দিকটি আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'বই পড়া' প্রবন্ধের একটি দিক ধারণ করেছে।"– বিশেষণ করো। ৪

৪. লোকসাহিত্য লোকসংস্কৃতির একটি জীবন্ত ধারা; এর মধ্যে জাতির আত্মার স্পন্দন শোনা যায়। লোকসাহিত্যকে প্রধানত লোকসংগীত, লোককাহিনি, গীতিকা, লোকনাট্য, ছড়া, ধাঁধা, প্রবাদ প্রভৃতি শাখায় ভাগ করা যায়। সাধারণ অক্ষরজ্ঞানহীন পল্লিবাসী স্মৃতি-শ্রুতির মাধ্যমে এগুলো হৃদয় দিয়ে লালন করে।

ক. খনা কে? ১
খ. 'পল্লির প্রত্যেক পরতে পরতে সাহিত্য ছড়িয়ে আছে।'– ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপক ও 'পল্লিসাহিত্য' প্রবন্ধের বক্তব্যের তুলনামূলক আলোচনা করো। ৩
ঘ. 'পল্লিসাহিত্য আমাদের সাহিত্যের অমূল্য সম্পদ।'– উদ্দীপক ও 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে বিচার করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. কবি মোহাম্মদ কামরুল ইসলাম মাতৃভাষাকে স্রষ্টার সেরা দান বলেছেন। শুধু তা-ই নয়– ভাষাশহিদের আত্মত্যাগে অর্জিত বাংলা ভাষাকে যত্নে রাখতে বলেছেন। তাঁর আহ্বান– 'বাংলা ভাষায় কথা বলো গভীর শ্রদ্ধাভরে।'

ক. কবি আবদুল হাকিমের কাদের সম্পর্কে সন্দেহ জাগে? ১
খ. বাংলা ভাষাকে 'হিন্দুর অক্ষর' বলার কারণ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'বঙ্গবাণী' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকের কবি ও 'বঙ্গবাণী' কবিতার কবি ভাষা প্রেমের মাধ্যমে দেশপ্রেমের পরিচয় দিয়েছেন।"- মূল্যায়ন করো। ৪

৬. প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য
এসে গেছে ধ্বংসের বার্তা,
দুর্যোগ পথ হয় হোক দুর্বোধ্য
চিনে নেবে যৌবন-আত্মা।

ক. সুকান্ত ভট্টাচার্য 'নতুন খবর' কোথায় পৌঁছে দিতে বলেছেন? ১
খ. 'রাত শেষ হয়ে সূর্য উঠবে কবে?'– বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকে 'রানার' কবিতার প্রতিফলিত দিকটি আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপক ও 'রানার' কবিতায় শোষণের হাত থেকে মানুষের মুক্তির জন্য সংগ্রামের কথা ব্যক্ত হয়েছে।"– বিশেষণ করো। ৪

৭. তোমাকে অভিবাদন, বাংলাদেশ
তুমি ফিরে এসেছ লাল সূর্য আঁকা পতাকার ভেতরে
যার আলোয় এখন রঞ্জিত হয়ে উঠেছে সাহসী বদ্বীপ,
তোমাকে অভিবাদন, বাংলাদেশ।

ক. পিতা-মাতার লাশের উপর কে হামাগুড়ি দেয়? ১
খ. 'তোমাকে আসতেই হবে, হে স্বাধীনতা।'– উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা করো। ৩
ঘ. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার মূলভাবটি প্রকাশিত হয়েছে কি? উত্তরের পক্ষে বা বিপক্ষে যুক্তি দাও। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. ইতিহাসের জগৎ থেকে কোনো ঘটনা বা চরিত্র অবলম্বন করে রচিত উপন্যাসকে ঐতিহাসিক উপন্যাস বলে। শিল্প সুষমায় কাহিনি ও চরিত্র বয়ান করাই এর সার্থকতা। কারণ, ঔপন্যাসিক উপন্যাস রচনা করেন, ইতিহাস নয়।

ক. উপন্যাসের দ্বিতীয় উপাদান কোনটি? ১
খ. 'জীবনের সমগ্রতা প্রতিফলিত হয় উপন্যাসে।'– বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের আলোকে 'কাকতাড়ুয়া' উপন্যাসটি আলোচনা করো। ৩
ঘ. "'কাকতাড়ুয়া' উপন্যাসে বুধা চরিত্রের বিকাশই মূল বিষয়।"– উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

৯. মুক্তিযুদ্ধের মূল নিয়ামক ছিল জনগণ। তথাপি যুদ্ধে মানুষকে উদ্‌বুদ্ধ করার ক্ষেত্রে শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবীদের অবদান ছিল খুবই প্রশংসনীয়। শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবী রণাঙ্গনে যুদ্ধও করেছেন, হাতে তুলে নিয়েছেন অস্ত্র।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসের পটভূমি কী? ১
খ. 'কিন্তু আমরা তিনজন নই, একজন।'– ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি ফুটে উঠেছে? আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মুক্তিযোদ্ধা শিল্পী শাহাবুদ্দিনের প্রতিফলন।"– বিশেষণ করো। ৪

### ঘ–বিভাগ : নাটক

১০. অরাত্রিকার বাবা এক পিরের মুরিদ। পিরের প্রতি ভক্তি-শ্রদ্ধা-ভালোবাসায় এবং পরকালীন শান্তির প্রত্যাশায় একমাত্র মেয়েকে সে-ই পিরের সঙ্গে বিয়ে দেয়। বাবার প্রতি শ্রদ্ধার কারণেই অরাত্রিকা বিয়েতে রাজি হয়।

ক. বার্তাবাহককে কী হতে হয়? ১
খ. "ইহা পরাজিত শত্রুর শেষ দাবি।"– কে, কেন বলেছেন? ২
গ. উদ্দীপক ও 'বহিপীর' নাটকের বৈপরীত্য দিকটি আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকের পির 'বহিপীর' নাটকের পিরের যথার্থ প্রতিনিধি।"– মূল্যায়ন করো। ৪

১১. তিথি স্বামীর বাড়ি থেকে পালিয়ে পিসির বাসায় এলে পিসি বলে– স্বামী বুড়ো হলেও স্বামী। যেহেতু সম্পদের অভাব নেই তাই স্বামীর কাছে ফিরে যেতে বলে। কিন্তু তিথি অনড়। এ ব্যাপারে পিসির ছেলে তিথির পক্ষ নেয়।

ক. 'বহিপীর' নাটকের রচয়িতা কে? ১
খ. বহিপীরকে কেন বহিপীর বলা হয়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের তিথির সঙ্গে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি আলোচনা করো। ৩
ঘ. 'পিসি ও খোদেজা একই ভাবধারায় পুষ্ট।'– মূল্যায়ন করো। ৪

মডেল টেস্ট- ০৮

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

## বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 1

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **'তাহার মর্ম তাহারা ভাষার অপেক্ষা সহজে বুঝিত।'– 'সুভা' গল্পের এ উক্তিতে কোনটি বোঝানো হয়েছে?**
ক করুণ সুর খ কালো চোখ গ ভাবের আভাস ঘ পদশব্দ

২. **'মানুষ' কবিতার শেষ দুই চরণে কবির কোন অনুভূতি ব্যক্ত হয়েছে?**
ক প্রতিবাদ খ আক্ষেপ গ ফরিয়াদ ঘ অনুশোচনা

৩. **মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে শহুরে লোকের কাছে পাড়াগাঁয়ের জীবন হলো–**
ক চাঁদের জ্যোৎস্না দিয়ে ঘেরা খ ইট-পাথর-লোহার বাঁধনে বাঁধা
গ শ্যামল শস্যের সম্ভারে ভরা ঘ পাখির কলগানে মুখরিত

৪. **'সুড়ঙ্গ' নাটকটির লেখক কে?**
ক আনিস চৌধুরী খ মামুনুর রশীদ
গ সেলিম আল দীন ঘ সৈয়দ ওয়ালীউল্লাহ

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
স্বর্ণ করে নিজরূপে অপরে শোভিত,
বংশী করে নিজ স্বরে অপরে মোহিত।

৫. **উদ্দীপকের বক্তব্যে 'নিমগাছ' গল্পের কোন দিকটি প্রতিফলিত হয়েছে?**
ক আত্মত্যাগ খ সৌন্দর্যময়তা গ সহনশীলতা ঘ মুগ্ধতা

৬. **উক্ত প্রতিফলিত ভাব ধারণ করেছে–**
i. নিমগাছ ii. লক্ষ্মীবউ iii. কবি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. **'আপনার বহুত মেহেরবানি পির সাহেব।'– উক্তিতে হাতেম আলির প্রতি বহিপীরের মেহেরবানি কী?**
ক বিনা শর্তে টাকা ধার দেওয়া খ দুঃখের কথা শুনতে চাওয়া
গ জমিদার সাহেব বলে ডাকা
ঘ হাশেম ও তাহেরার সম্পর্ক মেনে নেওয়া

৮. **'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার কোন চরণে বাঙালির আবেগিক চেতনার প্রকাশ ঘটেছে?**
ক কপালে কব্জিতে লালসালু বেঁধে খ জনসমুদ্রে জাগিল জোয়ার
গ হৃদয়ে লাগিল দোলা ঘ তরীতে উঠিল জল

৯. **'ঢুকলে আর উঠতে মন চায় না।'– ফজু মিয়াকে উদ্দেশ করে বুধার এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে?**
ক প্রতিশোধপরায়ণতা খ সাহসিকতা
গ দায়িত্বশীলতা ঘ চতুরতা

১০. **'একাত্তরের দিনগুলি' রচনায় লেখিকার কী জানতে বড়ো ইচ্ছা করে?**
ক মিথ্যা বিবৃতিটি কে তৈরি করেছে খ চরমপত্রটি পাঠ করা কণ্ঠস্বর কার
গ মিথ্যা বিবৃতিটিতে কারা সই দিয়েছে ঘ দেশে আবার শান্তি ফিরে আসবে কবে

১১. **কবি হেমচন্দ্রের মতে, কোনটি জীবনের উদ্দেশ্য নয়?**
ক ভবের উন্নতি করা খ মহিমা অর্জন করা
গ সুখের আশা করা ঘ সংসারে সংসারী হওয়া

১২. **মমতাদির মুখ চমকে লাল হওয়ার কারণ কী?**
ক খোকা মমতাদির চুল বেণি করা খ খোকাকে জড়িয়ে ধরতে দেখা
গ গালে চড়ের দাগ দেখে ফেলা ঘ রাঁধুনি বলে সম্বোধন করা

১৩. **'রানার চলেছে, বুঝি ভোর হয় হয়'– এ চরণে রানারের মনের কোন ভাব প্রকাশ পেয়েছে?**
ক ব্যাকুলতা খ আতঙ্ক গ আশঙ্কা ঘ গতিশীলতা

১৪. **মানুষের প্রতি প্রেমগুলো উদ্ভাসিত এই সুমহান প্রতিশোধ সম্ভব করেছিল হজরত মুহম্মদ (স.)-এর কোন গুণটি?**
ক বিচারশক্তি খ মানুষ্যত্ব গ সত্যনিষ্ঠা ঘ সহনশীলতা

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
শাজাহান আর তাঁর মহারাজ্য পাট
অশোকের সাম্রাজ্যের যত ঠাঁটবাট।
কিছুই নাহিকো মহাকালের গ্রাসে,
নিঃশেষে সকলেই সময়ের স্রোতে।

১৫. **অনুচ্ছেদের ভাবার্থের সঙ্গে কোন কবিতার ভাবার্থের সাদৃশ্য আছে?**
ক আশা খ জীবন-সঙ্গীত
গ সেইদিন এই মাঠ ঘ আমি কোনো আগন্তুক নই

১৬. **উক্ত সাদৃশ্যপূর্ণ দিকটি ফুটে উঠেছে যে চরণে তা হলো–**
ক তবু যাদের মনের কোণে নেই দুরাশা গ্লানি
খ এশিরিয়া ধুলো আজ-বেবিলন ছাই হয়ে আছে
গ দিন যায় ক্ষণ যায়, সময় কাহারো নয়
ঘ আমার হাতের স্পর্শ লেগে আছে কেমন গভীর

১৭. **'কবিতার হাতে রাইফেল'- চরণে বাঙালির কোন মনোভাব ব্যক্ত হয়েছে?**
ক সচেতনতা খ সাহসিকতা গ প্রতিবাদ ঘ প্রতিরোধ

১৮. **মোতাহের হোসেন চৌধুরীর মতে, মুক্তির আনন্দ উপভোগ করা কঠিন হয়ে দাঁড়ায় কোনটির জন্য?**
ক অন্নবস্ত্রের চিন্তায় খ মনুষ্যত্বের অভাবে
গ অর্থচিন্তার নিগড়ের জন্য ঘ বিশৃঙ্খল সমাজব্যবস্থার কারণে

১৯. **ঠাকুরদাস মুখুয্যের পুত্রবধূরা তার শাশুড়ির কোন কাজটি করে শেষ বিদায় দেয়?**
ক দুই পায়ে গাঢ় আলতা দেয় খ মাথায় ঘন করে সিঁদুর দেয়
গ পুষ্প-মাল্যে বরণ করে ঘ ললাট চন্দনে চর্চিত করে

২০. **'আমি ছন্দহারা এক নদীর মতো ভেসে যাই
আমার চলার শেষে কোন সুদূরে তার ঠিকানা তো জানা নাই।'
চরণদ্বয়ের ভাবের সঙ্গে 'ঝরনার গান' কবিতার সাদৃশ্যপূর্ণ চরণ হলো–**
i. একলা গাই, একলা ধাই ii. নাড়িয়ে যাই, বাড়িয়ে যাই iii. চপল পায় কেবল ধাই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. **প্রমথ চৌধুরীর মতে, আমাদের শিক্ষা আমাদের কী করেছে?**
ক নিরানন্দ খ নিষ্কর্মা গ নির্জীব ঘ নিষ্প্রাণ

২২. **'পায়ের ধুলা পাইব কী উপায়ে?'– এখানে মন্ত্রী গোবুর কোন মনোভাব প্রকাশ পেয়েছে?**
ক চাটুকারিতা খ চতুরতা গ অকর্মণ্যতা ঘ অজ্ঞতা

২৩. **'পয়লা বৈশাখ' প্রবন্ধটি শিক্ষার্থীদের যে শিক্ষা দেয় তা হলো–**
i. উৎসব ও ঐতিহ্য সম্পর্কে ধারণা ii. জাতীয় ঐক্যবোধ iii. আত্মগৌরব মতবাদ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. **স্বাধীনতা আন্দোলনে একনিষ্ঠ সাংস্কৃতিক কর্মী হিসেবে দায়িত্ব পালন করেন কোন লেখক?**
ক আহসান হাবীব খ সিকান্দার আবু জাফর
গ শামসুর রাহমান ঘ সৈয়দ শামসুল হক

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
মুক্তিযুদ্ধের সময় চারদিকের অস্থিরতা ও অরাজকতা জাহিনকে ভাবিয়ে তোলে। সে অনুভব করে দেশের এই অস্থিরতা, অন্যায়, অত্যাচার-অনাচার দূর করতে প্রয়োজন ঐক্যবদ্ধ শক্তির।

২৫. **উদ্দীপকের জাহিনের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ চরিত্র কোনটি?**
ক বুধা খ মিঠু গ আলি ঘ শাহাবুদ্দিন

২৬. **উক্ত সাদৃশ্য বিবেচনার ভিত্তি হলো–**
i. সচেতনতা ii. আত্মবিশ্বাস iii. দেশপ্রেম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. **'আমার পরিচয়' কবিতায় কবি কৈবর্ত বিদ্রোহের মাধ্যমে বোঝাতে চেয়েছেন–**
ক প্রতিবাদী মানসিকতা খ অসাম্প্রদায়িকতা
গ মুক্তির আকাঙ্ক্ষা ঘ বীরত্বগাথা

২৮. **'আজ না হয় কাল, যাইবেই।'– বহিপীরের এ উক্তিতে কোন মনোভাব ফুটে উঠেছে?**
ক আক্ষেপ খ সান্ত্বনা গ হতাশা ঘ মহানুভবতা

২৯. **প্রার্থনা মোর কবুল করেছে আল্লাহ্ যে দয়াময়,
পুত্র আমার বাঁচিয়া উঠিবে-মরিবে না নিশ্চয়।
উদ্দীপকে প্রকাশ পেয়েছে 'পল্লিজননী' কবিতার–**
ক সন্তানের মুমূর্ষু অবস্থা খ অকৃত্রিম মাতৃস্নেহ
গ আরোগ্য লাভের আকুতি ঘ সন্তানের সুস্থতা

৩০. **'ফের দ্যাখো না এই জ্বরে পড়লো বলে।'– সর্বজয়ার এ উক্তিতে ফুটে উঠেছে–**
i. অভিমান ii. বাৎসল্য iii. আক্ষেপ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 0 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১. রিহানের পরিবার অ্যাডভেঞ্চারপ্রিয়। সুযোগ পেলেই তারা বিভিন্ন জায়গায় ঘুরতে বেরিয়ে পড়ে। বাংলাদেশের বিভিন্ন জায়গায় ঘুরেছে। এবার বার্ষিক পরীক্ষা শেষে এক সপ্তাহের জন্য শিলং বেড়াতে যায়। দুঃখের বিষয় আবহাওয়া এতই খারাপ ছিল যে তারা ঘর থেকে বের হতে পারেনি। পুরোটা সময় তাদের হোটেলে শুয়ে বসে কাটাতে হয়।

ক. 'বারকোশ' শব্দের অর্থ কী? ১
খ. আবদুর রহমানকে 'হরফন-মৌলা' আখ্যা দেওয়া হয়েছে কেন? ২
গ. উদ্দীপকে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির সমগ্র ভাব প্রকাশ করেনি।"– যুক্তি দাও। ৪

২. 'সুরমা' দৃষ্টিপ্রতিবন্ধী। বিশেষ যন্ত্রের সাহায্যে পড়ালেখা করে। তার পরিবার ও বন্ধুদের সহযোগিতায় সে খেলাধুলা ও পড়ালেখা চালিয়ে যায়। তার বন্ধু 'মিতু' এবার জন্মদিনে তাকে একটি ঝুনঝুন বল উপহার দেয়। এই বলের সাহায্যে ক্রিকেট খেলায় ছক্কা মেরে সুরমা তার দলকে বিজয় এনে দেয়।

ক. 'বিজন মহত্ত্ব' কী? ১
খ. পিতা-মাতার নীরব হৃদয়ভার।– এ কথাটি দ্বারা লেখক কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকে 'সুভা' গল্পের যে বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের মিতু 'সুভা' গল্পের লেখকের আকাঙ্ক্ষার প্রতিফলন।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

৩. সভ্যতার অগ্রযাত্রায় সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে শ্রমজীবী মানুষের। এদের জীবন নিতান্তই অনাড়ম্বর। যতটুকু আহার জোগাড় করতে পারে তা নিয়েই তৃপ্ত থাকে। শত আঘাত তারা নীরবে সহ্য করে। কিন্তু যাঁরা মহাপুরুষ, চিন্তাশীল, সমাজসংস্কারক তাঁরা যুগধর্মের বিরুদ্ধে দাঁড়িয়ে সমাজ, জাতি ও দেশের প্রয়োজনে যুদ্ধ করেন। সারা বিশ্বের সমগ্রজাতি মাথা উঁচু করে দাঁড়াক এটাই তাঁদের কামনা।

ক. মহাজাগরণের দিনে কোন শক্তিকে ভুললে চলবে না? ১
খ. 'তাহার আত্মা তোমার আত্মার মতোই ভাস্বর।' বাক্যটি বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের শ্রমজীবী মানুষেরা 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সমাজ, জাতি ও দেশের প্রয়োজনে মহাপুরুষরা কীভাবে অবদান রাখতে পারেন? উদ্দীপক ও প্রবন্ধের আলোকে বিশেষণ করো। ৪

৪. বাড়ির বড়ো বউ রেবেকা। পরিবারের সবচেয়ে বেশি দায়িত্ব সেই পালন করে। তাকে ছাড়া অন্যরা অচল। সংসারের বেড়াজালে বন্দি হয়ে নিজের স্বার্থের কথা চিন্তা না করে সবার সেবা করেছে সারা জীবন। আজ বাড়ির কেউ তার প্রতি সদয় নয়। পরিবারে সে অবহেলার শিকার। সংসারের গণ্ডিবদ্ধ জীবনে রেবেকা আজ উপেক্ষিত।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১
খ. 'হঠাৎ একদিন একটা নতুন ধরনের লোক এলো।' লোকটি কে এবং কেন এসেছিল? ২
গ. উদ্দীপকের রেবেকা 'নিমগাছ' গল্পের কার প্রতিনিধি? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সমগ্র ভাব ধারণ করে না।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. কিন্তু যে সাধেনি কভু জন্মভূমি হিত
স্বজাতির সেবা যেবা করেনি কিঞ্চিৎ
জানাও সে নরাধমে জানাও সত্বর
অতীব ঘৃণিত সে পাষণ্ড বর্বর।

ক. কোন শাস্ত্রের প্রতি কবি আবদুল হাকিমের রাগ নেই? ১
খ. 'তে কাজে নিবেদি বাংলা করিয়া রচন'– বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'বঙ্গবাণী' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো উদ্দীপকটি 'বঙ্গবাণী' কবিতার সমগ্র চেতনার প্রতিনিধিত্ব করে? তোমার মতের পক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

৬. মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য। কারণ মানবকল্যাণই সব ধর্মের মূলকথা। কিন্তু সমাজের এক শ্রেণির অসাধু ব্যক্তি নিজেদের স্বার্থে মানুষের মধ্যে বিভেদের দেয়াল টেনে রাখে। তারা দারিদ্র্যের প্রাপ্য অন্ন কুক্ষিগত করে।

ক. মোল্লা সাহেব মুসাফিরকে কী প্রশ্ন করেছিল? ১
খ. 'তব মসজিদ মন্দিরে প্রভু নাই মানুষের দাবি।'– চরণটিতে কী বোঝানো হয়েছে? ২
গ. 'মানবকল্যাণ সব ধর্মের মূলকথা'– উদ্দীপকের এ কথার সঙ্গে মোল্লা-পুরুতের আদর্শগত যে পার্থক্য বিদ্যমান তা 'মানুষ' কবিতাবলম্বনে ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'মানুষ' কবিতার মূলভাবের ধারক।"– বিশেষণ করো। ৪

৭. স্বদেশপ্রেম, সাহসিকতা ও দৃঢ়তার মূর্ত প্রতীক বীর বাঙালি, তাঁদের হাত ধরেই বাংলা ভাষা আপন মর্যাদায় প্রতিষ্ঠিত হয়েছে। ভাষা-আন্দোলনের সফলতার পথ ধরে অবশেষে দেশের স্বাধীনতা অর্জিত হয়েছে। জাতি আজীবন তাঁদের অবদান শ্রদ্ধাভরে স্মরণ করবে।

ক. জেলেপাড়ার সবচেয়ে সাহসী লোকটি কে? ১
খ. শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো কেন? ২
গ. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে তা উপস্থাপন করো। ৩
ঘ. "উদ্দীপকটি ও 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতা উভয়ের মূল সুর এক ও অভিন্ন।"– মূল্যায়ন করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী অন্যায়ভাবে বাঙালির উপর হামলা করে। সারা দেশে নির্বিচারে মানুষ হত্যা ও ধ্বংসযজ্ঞ শুরু করে। কিন্তু তারা ব্যর্থ হয়। কারণ বাঙালি ঐক্যবদ্ধ হয়ে 'জয় বাংলা' জয়ধ্বনি তুলে অনেক রক্ত ও ত্যাগের বিনিময়ে দেশ স্বাধীন করে।

ক. কুন্তী শাপলা তুলেছিল কেন? ১
খ. বুধা গ্রাম ছেড়ে পালায় না কেন? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বাস্তবতা কতটুকু ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু থেকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রেক্ষাপট আরও বিস্তৃত।"– মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৯. আমাদের সমাজে এমন অনেক শিশু আছে যারা অনাদর অবহেলায় নিজের মতো বড়ো হয়। তাদের জীবন বৈচিত্র্যময় হয়ে ওঠে তাদের বেড়ে ওঠার সংগ্রামের কারণে। জীবনের নানা ঘাটে হোঁচট খেতে খেতে ও বৈচিত্র্যময় অভিজ্ঞতা লাভ করতে করতে এরা দুঃসাহসী হয়ে ওঠে, ফলে তাদের জীবনে ভয় বলে কিছু থাকে না।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে পাকিস্তানিদের গুলিতে প্রথমে কে মৃত্যুবরণ করে? ১
খ. 'গণকবর' বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রকে সমর্থন করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের একমাত্র আলোচিত বিষয় নয়।"– তুমি কি একমত? বিশেষণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০. স্তবক-১ : মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি মানুষ পেতে পারে না?
স্তবক-২ : বলো কী তোমার ক্ষতি
জীবনের অথই নদী
পার হয় তোমাকে ধরে
দুর্বল মানুষ যদি।

ক. হাশেমের চোখে কান্না এলো কার কথা ভেবে? ১
খ. 'তার চোখে পানি নাই বটে, কিন্তু দুঃখে বুক নিশ্চয় ফেটে যাচ্ছে।'– কেন? বুঝিয়ে লেখো। ২
গ. স্তবক-১ : এর সহানুভূতির দিকটি 'বহিপীর' নাটকের কোন ঘটনা নির্দেশ করে? ৩
ঘ. স্তবক-২ : এর আলোকে তাহেরার প্রতি হাশেমের মনোভাব মূল্যায়ন করো। ৪

১১. মজু মিয়া ও শাপলা বিবির অভাবের সংসার। তাদের তিন কন্যা। মজু মিয়া তার বড়ো মেয়ের বিয়ে ঠিক করে বয়স্ক এক পাত্রের সঙ্গে। তার মতে বরের বয়স কোনো ব্যাপার না। কিন্তু শাপলা বিবি এ বিয়ের ব্যাপারে কঠোর অবস্থান নেয়। সে বলে আরও পরিশ্রম করে আয় বাড়িয়ে মেয়েদের লেখাপড়া শেখাব। তারপর উপযুক্ত পাত্র দেখে মেয়েদের বিয়ের ব্যবস্থা করব।

ক. 'বহিপীর' হাতেম আলিকে কী শর্ত দিয়েছিলেন? ১
খ. 'বদলোকেরা তোমাকে গিলে খাচ্ছে।'– কথাটি কেন বলা হয়েছে? ২
গ. মজু মিয়ার সঙ্গে তাহেরার বাবার কোনো সম্পর্ক আছে কি? থাকলে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "শাপলা বিবি 'বহিপীর' নাটকের খোদেজার চাইতে সচেতন মহিলা।"– বক্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

মডেল টেস্ট-০৯

# বরিশাল জিলা স্কুল

## বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 1

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **'সে যেন একটা উৎসব বাঁধিয়া গেল।'– এখানে কোন উৎসবের কথা বলা হয়েছে?**
ক শ্রাদ্ধের খ ব্রাহ্মণ ভোজের গ শবযাত্রার ঘ কাঙালি ভোজের

২. **'আমার পরিচয়' কবিতায় কবি কোথা দিয়ে হাজার বছর চলেন?**
ক বিদ্রোহী গ্রাম খ বাংলার আলপথ
গ লাল রাজপথ ঘ কোমল পলিমাটি

৩. **'অত ভাবলে কি কেউ পালাতে পারে?'– উক্তিটি কার?**
ক বহিপীর খ তাহেরা গ খোদেজা ঘ হাশেম আলি

৪. **রুমীর প্রাণভিক্ষা চেয়ে মার্সি পিটিশন করা হলো না কেন?**
ক মায়ের মত ছিল না খ তার বাবার ইচ্ছা ছিল না
গ রুমী মত দেয়নি ঘ রুমীর আদর্শ অক্ষুণ্ণ রাখা

৫. **নিচের কোনটি হুমায়ুন আহমেদের উপন্যাস?**
ক অয়োময় খ দীপান্বিতা গ শহরতলী ঘ আরেক ফাল্গুন

৬. **'জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে।'– এখানে কবির কী প্রকাশ পেয়েছে?**
ক আত্মপ্রবঞ্চনার সান্ত্বনা খ নিজেকে প্রবোধ দেওয়া
গ সম্মোহিত হওয়া ঘ স্মৃতি রোমন্থনের সুখানুভব

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
বিশিষ্ট ব্যবসায়ী শুকুর মিয়া তার স্কুলপড়ুয়া ছেলেকে পড়াশোনার পাশাপাশি ব্যবসার কাজে নিয়োজিত করেন।

৭. **'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে উদ্দীপকের শুকুর মিয়া ছেলেকে কোনটি উপলব্ধি করানোর জন্য প্রচেষ্টা চালাচ্ছেন?**
ক আত্মা অমৃত খ অর্থলিপ্সা ভ্রান্তি
গ ক্ষুৎপিপাসার কষ্ট ঘ প্রাণিত্বের বেড়ির অস্বস্তি

৮. **শুকুর মিয়া তার ছেলের ব্যাপারে কী চেয়েছেন?**
ক ছেলের মনুষ্যত্বের সাধনা সফল করতে
খ শিক্ষার প্রয়োজনীয় দিককে বড়ো করে তুলতে
গ ছেলের অর্থচিন্তার বন্দিত্ব দূর করতে
ঘ অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে মুক্তিকে বড়ো বোঝাতে

৯. **দুপুর-ভোর ঝরনা কার গান শুনতে পায়?**
ক ঝিঁঝির খ পরির গ বুলবুলির ঘ শালিকের

১০. **বাইরের ঘরে হাতেম আলি কীসের মতো বসে আছে?**
ক মূর্তির মতো খ বোকার মতো
গ স্বপ্নাবিষ্টের মতো ঘ উন্মাদদের মতো

১১. **বামুনদি ডাক শুনে মমতাদির হাসি বন্ধ করার কারণ কী?**
ক অহংকার খ লজ্জাশীলতা গ সংকোচ ঘ আত্মসম্মানবোধ

১২. **বহিপীর তার স্ত্রীকে উদ্ধারের জন্য–**
i. ধর্মীয় বিয়ের দোহাই দেন ii. মানবিকতার বাহানা দেন
iii. জমিদারের অসহায়ত্বের সুযোগ গ্রহণ করেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. **'জীবন-সঙ্গীত' কবিতায় 'ভবের উন্নতি' বলতে কবি কী বুঝিয়েছেন?**
ক পার্থিব উন্নতি খ পরের হিত গ জ্ঞানের চর্চা ঘ যুগের চাহিদা

১৪. **কোন জায়গার বরফি আঙুর তামাম আফগানিস্তানে মশহুর?**
ক বাগে বালা খ পানশির গ কাবুল ঘ কান্দাহার

১৫. **কোন জাতীয় রচনায় লেখকের পাণ্ডিত্য, বুদ্ধি ও জ্ঞানের পরিচয়ই মুখ্য হয়ে দাঁড়ায়?**
ক কবিতা খ নাটক গ প্রবন্ধ ঘ উপন্যাস

১৬. **'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে আমাদের অধঃপতনের কী কারণ দেখানো হয়েছে?**
ক তথাকথিত ছোটোলোকদের প্রতি অবহেলা
খ তথাকথিত ভদ্র সম্প্রদায়ের আধিপত্যবাদ
গ জগৎ বিখ্যাত মনীষীদের উন্নাসিকতা
ঘ সমাজের মধ্যবিত্ত শ্রেণির নিজেকে গুটিয়ে নেওয়া

১৭. **পয়লা বৈশাখের ঐতিহ্য কীরূপ?**
ক নবজন্মের খ গৌরবমণ্ডিত গ ধর্মনিরপেক্ষ ঘ জাতীয়তাবাদী

১৮. **অপু দিদির কাছে নারিকেলের মালাটা চাইল কেন?**
ক লঙ্কা আনতে খ নুন আনতে গ তেল আনতে ঘ পানি আনতে

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
আলোর নিশানা, ফসলের দিন
জলের ক্রন্দন-মুখরিত চরাচর,
কেবল তুমিই হয়ে গেলে অতীত-অগোচর।

১৯. **উদ্দীপকটি কোন কবিতার ভাববস্তুর সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**
ক পল্লিজননী খ কপোতাক্ষ নদ
গ জীবন-সংগীত ঘ সেইদিন এই মাঠ

২০. **উক্ত সাদৃশ্য কোন দিক থেকে ধরা পড়েছে?**
ক মানুষের স্বপ্নগুলো জন্ম পরম্পরায় অবিরল
খ ব্যস্ত জীবনে কেউ কাউকে মনে রাখার সময় পায় না
গ কারও অনুপস্থিতি প্রকৃতির নিরন্তরতা ব্যাহত করে না
ঘ প্রকৃতির নিরবচ্ছিন্নতা মানুষের কর্মচাঞ্চল্যকে রহিত করে না।

২১. **'তোকে নিয়ে ভীষণ ভয় হয়।'– কার ভয় হয়?**
ক চাচি খ রানি গ কুন্তি ঘ ফুলকলি

২২. **সুভা বিধাতার কাছে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত–**
i. প্রতাপের মনোযোগ আকর্ষণের জন্য
ii. মায়ের বিরক্তি দূর করার জন্য
iii. বাক্‌শক্তি ফিরে পাওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. **বাঙালি কী উড়িয়ে বঙ্গজননীর কোলে ফিরে এসেছে?**
ক জয়মালা খ নিশান গ বর্ণমালা ঘ স্বাধীনতা

২৪. **'রাতুল ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে। মাঝে মধ্যেই বাংলা মিডিয়ামে পড়া বাতেনকে সে নাক সিটকায়।'– রাতুলের মতো ব্যক্তিদের বিষয়ে আবদুল হাকিমের অভিমত–**
i. তারা যেন দেশ ছেড়ে বিদেশে চলে যায়
ii. তাদের জন্মপরিচয় নির্ণয় করা যায় না
iii. তাদের আদর্শ ত্যাগ করা উচিত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. **'খাণ্ডবদাহন' শব্দটি নিচের কোন প্রসঙ্গটির রূপকার্থে সাদৃশ্য বহন করে?**
ক সিঁথির সিঁদুর মুছে গেল হরিদাসীর খ ছাই হলো গ্রামের পর গ্রাম
গ ছাত্রাবাস, বস্তি উজাড় হলো ঘ মেশিনগান খই ফোটাল যত্রতত্র

২৬. **কবি তাঁর 'মানুষ' কবিতায় কোনটিকে কটাক্ষ করেছেন?**
ক সাম্প্রদায়িকতা খ সামাজিক ন্যায় দাবি
গ শ্রেণিবৈষম্য ঘ সহজাত প্রবৃত্তি

২৭. **'মাভৈঃ রানার! এখানে রাতের কালো।'– এ চিত্রকল্পে ফুটে উঠেছে–**
ক রানারের সঠিক সময়ে গন্তব্যে পৌঁছার ব্যগ্রতা
খ রাতের আঁধারে 'মাভৈঃ' রবে ছুটে চলা
গ রাত বাকি আছে বলে রানারের জপতপে মনোনিবেশ
ঘ রাতের ভয় হতে মুক্তি পেতে রানারের মাভৈঃ মন্ত্র উচ্চারণ

২৮. **বুধার ভয় নেই কেন?**
i. ভয় ওকে কাবু করে না ii. কেউ ওকে জুজুর ভয় দেখায়নি
iii. ছোটোবেলায় ভূতের গল্প শোনেনি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. **'তাই যদি না হবে, পড়িতে রয়েছে কেন তবে?'– রাজা কোন প্রসঙ্গে এ কথা বলেছেন?**
ক যখন রাজার পদধূলি পাওয়ার খ মাটি বিনা পৃথিবীতে শস্য জন্মানো
গ যখন ধুলার মাঝে রাজার পা না রাখা
ঘ যখন চামড়া দিয়ে পৃথিবী ঢেকে দেওয়া

৩০. **বুধার মতে মানুষের কীসের সীমা নেই?**
ক বিস্ময়ের খ লোভের গ বোকামির ঘ চাওয়ার

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 0 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১. জন্ম থেকেই স্বাভাবিকভাবে চলাফেরা করতে পারে না লাবণ্য। মেয়ের এ অবস্থার জন্য মা নিজেকেই দায়ী করেন। মেয়ের ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তায় তিনি সংসারের হাল ছেড়ে দিয়েছেন। পাড়া-প্রতিবেশীরাও লাবণ্যের বাবা-মাকে নানা রকম দুর্ভাবনার কথা বলে ভীত করে তোলে। কিন্তু লাবণ্যের বাবা হার মানেননি। তিনি মেয়েকে স্বপ্ন দেখান, সুন্দর ভবিষ্যৎ গড়ে তোলার জন্য তাকে উৎসাহিত করেন। লাবণ্য আজ একজন উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা।

ক. সুভার চোখের ভাষা কেমন ছিল? ১
খ. 'আমাকে সবাই ভুলিলে বাঁচি'– সুভার এমন মনোভাবের কারণ কী? ২
গ. লাবণ্যের প্রতি তার মায়ের মনোভাব 'সুভা' গল্পের কোন দিকটিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'সুভা' গল্পের সুভার বাবাকে উদ্দীপকের লাবণ্যের বাবার প্রতিরূপ বলা যায় কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২. দশম শ্রেণির শিক্ষার্থী নিশাত তার মায়ের কাছে বায়না ধরেছে, এবার ঘটা করে যেন ওর জন্মদিনটা পালন না করা হয় বরং সেই টাকা দিয়ে একুশের বইমেলা থেকে ওকে বেশ কিছু বই কিনে দেওয়া হোক। কারণ সে সিলেবাসের বাইরের বইগুলোর মধ্যেই তার নতুন জগৎ খুঁজে পায়। এ কথা শুনে ওর বড়ো ভাই শিহাব বলে, 'আরে বোকা পাঠ্যবই মুখস্থ কর কাজে দেবে। পরীক্ষায় ভালো ফল করতে পারবি আর জন্মদিনে আমার মতো অনেক উপহার পাবি।'

ক. মানুষের সর্বশ্রেষ্ঠ শখ কোনটি? ১
খ. 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২
গ. শিহাবের মানসিকতা 'বই পড়া' প্রবন্ধের যে দিকটিকে প্রতিফলিত করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উদ্দীপকের নিশাত যেন প্রমথ চৌধুরীর কাঙ্ক্ষিত বাঙালি।'– মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

৩. স্বামীর অকালমৃত্যুতে দিশাহারা শায়লা বানু। ছোটো ছেলেকে নিয়ে প্রতিদিন ফুটপাতে এসে বসেন ওজন মাপার যন্ত্র নিয়ে। যা আয় হয় তাতে কোনো রকমে দিন কেটে যায়। নতুন উৎপাত শুরু করে এলাকার বখাটে ছেলেরা। চাঁদা না দিলে ফুটপাতে বসতে দেবে না বলে হুমকি দেয়। বিষয়টি লক্ষ করেন স্থানীয় দোকানদার আজম সাহেব। তিনি শায়লা বানুকে তার দোকানের সামনে বসার জায়গা দিয়ে চাঁদাবাজদের উৎপাত থেকে রক্ষা করেন।

ক. 'অনাড়ম্বর' শব্দের অর্থ কী? ১
খ. 'ভাবিস না, তোকে খুব ভালোবাসবে।'– মায়ের এ মন্তব্যের কারণ কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের শায়লা বানু চরিত্রে 'মমতাদি' গল্পের মমতাদির কোন গুণটি প্রস্ফুটিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের আজম সাহেবের কার্যক্রমে যেন 'মমতাদি' গল্পের লেখকের প্রত্যাশারই প্রতিফলন ঘটেছে।"– মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৪. গ্রামে বাস করলেও রাজু ও মিনা বেশ আধুনিক। মোবাইল ফোন, ডিশ এন্টেনার বদৌলতে তারা আধুনিক জীবনযাত্রায় অভ্যস্ত, নাগরিক সাহিত্য ও শিল্পের প্রতি আকৃষ্ট। তারা আজ নানি-দাদির কাছে ঝিলিমুখর সন্ধ্যার গল্প শোনে না। টিভি দেখে, হিন্দি গান গায়। পলিগান, ছড়া তাদের জীবন থেকে হারিয়ে গেছে। রূপকথার গল্প আজ সায়েন্স ফিকশনের আড়ালে হারিয়ে যাচ্ছে। তাদের পরিবার বা পারিপার্শ্বিক পরিবেশও তাদের পলিসাহিত্য সম্পর্কে উৎসাহিত করে না।

ক. রোমাঁ রোলাঁ কে? ১
খ. 'নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার।'– কথাটি ব্যাখ্যা করো। ২
গ. রাজু ও মিনার জীবনকে পলিসাহিত্য ও সংস্কৃতি থেকে দূরে সরিয়ে দিচ্ছে কোন কারণটি? 'পলিসাহিত্য' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. রাজু ও মিনার মতো আধুনিক তরুণ-তরুণীদের পলিসাহিত্যের প্রতি অনুরক্ত করা যায় কীভাবে? 'পলিসাহিত্য' প্রবন্ধের আলোকে তোমার মতামত ব্যক্ত করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. অংশ-১ : আমি দেখেছি তারা শ্রম দিয়ে অন্যকে সুখী করে,
অথচ তাদের নিজের ঘরেই দুঃখ হাহাকার করে।
অংশ-২ : আসিতেছে শুভদিন।
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ।

ক. রানার কীসের কাজ নিয়েছে? ১
খ. 'জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে।'– চরণটি বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের অংশ-১ 'রানার' কবিতার যে দিকটিকে ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের অংশ-২ এবং 'রানার' কবিতার কবির চাওয়া একই সূত্রে গাঁথা।"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬. মিজান সাহেব রাতের ট্রেনে ঢাকা যাচ্ছিলেন। শেষরাতে ট্রেনটি টঙ্গী রেলস্টেশনে থামে। তিনি দেখতে পান, শত শত লোক প্লাটফর্মে ঘুমিয়ে আছে। কর্মক্লান্ত ছিন্নমূল মানুষদের এভাবে পরম শান্তিতে ঘুমাতে দেখে তার বুক থেকে এক দীর্ঘশ্বাস উঠে আসে। এত ধনসম্পত্তির মালিক হয়েও শেষ কবে এত শান্তির ঘুম ঘুমিয়েছেন তা মিজান সাহেব মনে করতে পারলেন না।

ক. সিকানদার আবু জাফরের লেখা কোন গানটি মুক্তিযুদ্ধের সময় জাতিকে অনুপ্রাণিত করেছিল? ১
খ. জীর্ণ বেড়ার ঘরের মানুষেরা ভাবনাহীন কেন? ২
গ. মিজান সাহেবের জীবন ও মানসিকতা 'আশা' কবিতায় কীভাবে উঠে এসেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের প্লাটফর্মে ঘুমিয়ে থাকা মানুষগুলোই 'আশা' কবিতার কবির কাঙ্ক্ষিত মানুষ।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

৭. 'আমি বাংলায় ভালোবাসি
আমি বাংলাকে ভালোবাসি
আমি তারই হাত ধরে
সারা পৃথিবীর মানুষের কাছে আসি।
আমি যা কিছু মহান বরণ করেছি,
বিনম্র শ্রদ্ধায়।
মেশে তেরো নদী সাত সাগরের জল
গঙ্গায় পদ্মায়।'

ক. আহসান হাবীব কোন পত্রিকার সাহিত্য সম্পাদক ছিলেন? ১
খ. 'আমি অস্তিত্বে গাঁথা' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের ভাববস্তু ও 'আমি কোনো আগন্তুক নই' কবিতার ভাববস্তু একসূত্রে গাঁথা।"– মন্তব্যটি বিচার করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. রূপনগর গ্রামের জনগণ জমির উদ্দিনের অত্যাচারে সব সময় আতঙ্কে দিন যাপন করে। এমনকি গ্রামের সালিশ বিচারও তার হুকুমে চলে। কেউ প্রতিবাদ করলে তার উপর নেমে আসে অমানুষিক নির্যাতন। কিশোর রাজন এই বর্বরতার দৃশ্য দেখে এক সময় প্রতিবাদী হয়ে ওঠে। গ্রামবাসীদের সহযোগিতায় জীবনের ঝুঁকি নিয়ে সে জনমত গড়ে তোলে। তার একটাই প্রতিজ্ঞা, গ্রামবাসীকে এ অত্যাচার থেকে রক্ষা করবে।

ক. নোলক বুয়া বুধাকে কী নামে ডাকত? ১
খ. 'লোহার টুপি ওদের মগজ খেয়েছে?'– উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত কাহিনি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকটি ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের কিশোর রাজনের মনোভাবই যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল চেতনা।"– যুক্তিসহ প্রমাণ করো। ৪

৯. এগারো জন মানুষ নানা বয়সের, ধর্মের, মতের। আগে কারও সঙ্গে আলাপ ছিল না, পরিচয় ছিল না, চেহারাও দেখেনি কোনো দিন। কেউ ছাত্র, কেউ দিনমজুর, কৃষক কিংবা মধ্যবিত্ত কেরানি। পাটের দালাল অথবা পদ্মাপারের জেলে। এখন সবাই সৈনিক। এক সঙ্গে থাকি, খাই, ঘুমাই। রাইফেল কাঁধে তুলে নিয়ে যখন শত্রুর সন্ধানে যাই- তখন ভাবি সময়ের প্রয়োজনে লড়ছি আমরা। যেটা বুঝি সেটা সোজা কথা- আমাদের মাটি থেকে তাড়াতে হবে ওদের।

ক. জয়নাল চাচা কখন বুধাকে বাবা ডাকে? ১
খ. 'বিনু হাসলে মনে হতো বিলের জলে ঢেউ বয়ে যাচ্ছে।'– কেন? ২
গ. উদ্দীপকের বক্তব্যে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে ঘটনার চিত্র ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "'আমাদের মাটি থেকে তাড়াতে হবে ওদের।'– উদ্দীপকের এ উক্তি যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসেরই চেতনার প্রতিধ্বনি।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০. ব্যবসায়ী সিদ্দিক সাহেব এক পিরের মুরিদ। পিরের খেদমতেই সারাক্ষণ ব্যস্ত থাকেন। সময় না দেওয়ায় ব্যবসা দিনদিন লোকসান গুণছেন। কিন্তু তার বিশ্বাস পিরের দোয়ায় রাতারাতি বড়োলোক হয়ে যাবেন। সিদ্দিক সাহেবের বড়ো ছেলে রিহান বাবাকে বোঝায় এভাবে ব্যবসা চালালে কিছুদিনের মধ্যেই তাদের পথে বসতে হবে। সিদ্দিক সাহেব ছেলের কথার গুরুত্ব না দিলে রিহান নিজেই তাদের ব্যবসার দায়িত্ব নেয়, সততা ও পরিশ্রমের মাধ্যমে অল্প দিনেই ব্যবসার উন্নতি ঘটায়।

ক. বহিপীর তাহেরাকে খুঁজতে প্রথমে কোথায় গিয়েছিল? ১
খ. 'আমি এভাবে টাকা নিতে পারব না। যায় যাক জমিদারি।' হাতেম আলি কেন এ কথা বলেছেন? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের সিদ্দিক সাহেব চরিত্রে 'বহিপীর' নাটকের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের রিহানকে 'বহিপীর' নাটকের হাশেমের সার্থক প্রতিনিধি বলা যায় কি? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

১১. নবাবপুর গ্রামের মাতবর ফয়জুর রহমান। প্রভাব-প্রতিপত্তিতে তার সমকক্ষ নেই এই গ্রামে। গ্রামের ছোটো বড়ো সবাই তাকে মান্য করে চলে। গ্রামের বিচার সালিশে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত। তার স্ত্রী দীর্ঘদিন অসুস্থ থাকায় তিনি আরেকটি বিয়ের কথা ভাবেন এবং গ্রামের এক গরিব কৃষকের স্কুলপড়ুয়া মেয়ে সায়মাকে বিয়ের প্রস্তাব দেন। এতে কৃষকের না করার উপায় ছিল না। কিন্তু সায়মা এ বিয়েতে রাজি নয়। সে তার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের শরণাপন্ন হয়। প্রধান শিক্ষক সায়মার বাবাকে বুঝিয়ে বিয়ে বন্ধ করেন এবং সায়মার লেখাপড়া চালিয়ে যাওয়ার ব্যবস্থা করেন।

ক. হাতেম আলি শহরে কার কাছে টাকা ধার চাইতে আসে? ১
খ. 'কিন্তু আমি অবাক হচ্ছি তোমার অকৃতজ্ঞতা দেখে।'– খোদেজার কথাটি বলার কারণ বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের সায়মার সঙ্গে 'বহিপীর' নাটকের তাহেরার যে দিক থেকে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের ফয়জুর রহমান ও 'বহিপীর' নাটকের বহিপীর পুরোপুরি এক নয়।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

মডেল টেস্ট-১০

# সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট

## বাংলা প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 1

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোন শক্তির বলে শিষ্য নিজের মন নিজে গড়ে তোলে?**
ক আত্মার খ গুরুর
গ সাহিত্যের ঘ ডেমোক্রেসির

**২. সাহিত্যের সার্থকতা বোঝে না কোনটি?**
ক দর্শন খ ডেমোক্রেসি গ বিজ্ঞান ঘ ধর্মশাস্ত্র

৩. কত দিনের জ্বরে ঠাকুর দাস মুখুয্যের স্ত্রী মারা গিয়েছিল?
ক পাঁচ খ ছয় গ সাত ঘ আট

**৪. 'বরের ঘরের মাসি আর কনের ঘরের পিসি।'– 'পলিসাহিত্য' প্রবন্ধানুসারে এটিকে কী বলা হয়?**
ক খনার বচন খ ডাকের বচন
গ প্রবাদ প্রবচন ঘ সরস প্রাণের উৎস

**৫. 'এদের জ্ঞান দাও প্রভু এদের ক্ষমা করো।'- এ উক্তিতে মুহম্মদ (স.)- এর কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
ক ক্ষমাশীলতা খ মহানুভবতা
গ সহনশীলতা ঘ উদারতা

**৬. নববর্ষ উদ্‌যাপন রীতিতে পরিবর্তন এসেছে কোন কারণে?**
ক সময়ের পরিবর্তনে খ চিন্তার পরিবর্তনে
গ অর্থনৈতিক সমৃদ্ধির কারণে ঘ ঐতিহ্যের পালাবদলে

**৭. 'গতকাল সকালের পর বৃষ্টি থামলেও'– এখানে গতকাল কী বার ছিল?**
ক রবি খ সোম গ মঙ্গল ঘ বুধ

**৮. 'একাত্তরের দিনগুলি' রচনায় 'হাত বাঁধা গুলিতে মরা লাশ'– দেখা গিয়েছিল কোথায়?**
ক নদীতে খ রাস্তায় গ পুকুরে ঘ নর্দমায়

**৯. চরিত্র বিচারে দীনবন্ধু মিত্রের 'নীল দর্পণ' কোন শ্রেণির নাটক?**
ক সাংকেতিক খ ঐতিহাসিক
গ সমস্যাপ্রধান ঘ সামাজিক

**১০. 'স্বগত সংলাপ' গ্রন্থটির রচয়িতা কে?**
ক শামসুর রাহমান খ হুমায়ুন আজাদ
গ হায়াত মাহমুদ ঘ সৈয়দ শামসুল হক

**১১. 'নিয়তি' গল্পে নিয়তির নির্মম রূপ লক্ষ করা যায়–**
i. কুকুরের করুণ মৃত্যুতে ii. লেখকের বাবার মনঃকষ্টে
iii. মহারাজার দেশ ত্যাগে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১২. শিক্ষার কোন দিকটি জীবনকে উপভোগ করতে শেখায়?**
ক ভুল দিক খ দরকারি দিক
গ জ্ঞানমূলক দিক ঘ অপ্রয়োজনীয় দিক

**১৩. কবি আবদুল হাকিম কোন শতকের কবি?**
ক সপ্তদশ খ অষ্টাদশ
গ উনিশ শতক ঘ বিশ শতক

**১৪. 'কপোতাক্ষ নদ' কবিতার মূল সুর কী?**
ক প্রকৃতিপ্রেম খ স্মৃতিকাতরতা
গ গভীর বিষাদ ঘ নিসর্গ বন্দনা

**১৫. পানি বহনের জন্য চামড়ার তৈরি এক প্রকার থলেকে বলে–**
ক পৈঠা খ মহি গ ভিস্তি ঘ চর্মথলে

**১৬. ঝরনা পায়ে কোন ফুলের নূপুর পরে?**
ক জুঁই খ কদম গ টগর ঘ কেয়া

**১৭. 'না খেতে খেতে আমেনার দেহ কঙ্কালসার হয়ে গেছে।'– 'মানুষ' কবিতায় আমেনার অনুরূপ চরিত্র কে?**
ক কালাপাহাড় খ মোল্লা
গ পুরোহিত ঘ পথিক

**১৮. 'সেইদিন এই মাঠ' কবিতায় যে সভ্যতার কথা বলা হয়েছে তা হলো–**
i. এশিরিয় ii. বেবিলনীয় iii. মিশরীয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. 'তারি সাথে সাথে বিরহী মায়ের একেলা পরান দোলে।'– কার সাথে?**
ক ছেলের সাথে খ প্রদীপের সাথে
গ আত্মীয়স্বজনের সাথে ঘ রাতজাগা পাখির সাথে

**২০. 'আমাদের সংগ্রাম চলবেই চলবে।'– গানটির রচয়িতা কে?**
ক আবদুল আলিম খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ কাজী নজরুল ইসলাম ঘ সিকান্দার আবু জাফর

**২১. 'বয়স হলেও পির হলো পির'– খোদেজার এ উক্তিতে কোন দৃষ্টিভঙ্গি প্রকাশ পেয়েছে?**
ক কুসংস্কারাচ্ছন্নতা খ ধর্মভীরুতা
গ পতিভক্তি ঘ সামাজিকতা

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
রফিক মুক্তিযোদ্ধাদের বিভিন্নভাবে সাহায্য করে। একদিন রাজাকার রমিজ মোল্লা রফিককে ধরে পাকিস্তানি সেনাদের কাছে নিয়ে যায়। এতে রফিক মৃত্যুভয়ে মোটেই ভীত হয় না।

**২২. উদ্দীপকের রমিজ মোল্লা 'কাকতাড়ুয়া উপন্যাসের কোন চরিত্রকে মনে করিয়ে দেয়?**
ক আহাদ মুন্সি খ ফজু মিয়া গ কুদ্দুস ঘ জয়নাল

**২৩. উদ্দীপকের রফিক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মধ্যে প্রকাশ পেয়েছে–**
i. দেশাত্মবোধ ii. সাহসিকতা iii. প্রতিশোধস্পৃহা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. নিশিন্দার ছায়া কীসের চাদরে ঢাকা?**
ক মেঘের খ কুয়াশার
গ গোধূলির ঘ জ্যোৎস্নার

**২৫. কবি রানারকে কী হিসেবে উপস্থাপন করেছেন?**
ক নতুন সমাজ বিনির্মাণের বার্তাবাহক হিসেবে
খ কঠোর দায়িত্ববানের প্রতীক হিসেবে
গ নির্ভীক কর্মবীরের প্রতীক হিসেবে
ঘ খেটে খাওয়া গণমানুষের প্রতিনিধি হিসেবে

**২৬. অগ্নিসংযোগ, হত্যা, নির্যাতন, আত্মত্যাগ– তোমার পঠিত কোন কবিতার সঙ্গে সম্পর্কযুক্ত?**
ক আমার সন্তান খ আমার পরিচয়
গ তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা
ঘ স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো

**২৭. বিমুখ প্রান্তর কেমন ছিল বলে কবি উল্লেখ করেছেন?**
ক জনমানবহীন খ কবিহীন গ বিবর্ণ ঘ মুখর

**২৮. 'বহিপীর' নাটকটি মানবিক জাগরণের–**
ক কাব্যরূপ খ দীপালি গ দৃশ্যকাব্য ঘ শ্রব্যকাব্য

**২৯. সূর্যাস্ত আইন প্রণীত হয় কত সালে?**
ক ১৯৭০ সালে খ ১৯৭১ সালে
গ ১৯৭২ সালে ঘ ১৯৭৩ সালে
[* সঠিক উত্তর : ১৭৯৩ সালে।]

**৩০. গুলি খেয়ে মুখ থুবড়ে পড়ে গেল–**
i. হাবিব ভাই ii. শরিফ চাচা iii. সালাম চাচা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

## বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 0 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুটি, খ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুটি, গ বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে একটি এবং ঘ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১. তিন বছরের ছেলে আবিরের বাবা-মায়ের অনেক চিন্তা। বিভিন্ন সময়ে বাজার থেকে গাইড বই বা নোট বই এনে দিয়ে তা ছেলেকে মুখস্থকরণের চেষ্টা করেন। অন্যদিকে তার মা সিদ্ধ ডিম, প্যাকেটজাত দুধ, খিচুড়ি একের পর এক খাওয়ানোর চেষ্টা করেন। আবিরের মায়ের ধারণা, গেলাতে পারলে ছেলে বেড়ে উঠবে, স্বাস্থ্য ভালো থাকবে আর বাবার ধারণা নোট বই মুখস্থ করে পরীক্ষা দিলেই ছেলে জ্ঞানী হবে।

ক. 'কারদানি' শব্দের অর্থ কী? ১
খ. 'ব্যাধিই সংক্রামক, স্বাস্থ্য নয়।'- ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে আবিরের বাবা ও মায়ের মনোভাবে 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? আলোচনা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'বই পড়া' প্রবন্ধের আংশিক রূপ, পূর্ণরূপ নয়।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

২. বিভিন্ন চ্যানেলে টিভির পর্দায় ও অনলাইন পত্রিকায় ফুটপাতের ব্যবসায়ী ও নিউ মার্কেটের ব্যবসায়ীর মধ্যে সংঘর্ষের খবর দেখে দশম শ্রেণির ছাত্র সাকিব খুব কষ্ট পায়। এই রমজান মাসে মানুষের মধ্যে একটুও ধৈর্য নেই। অথচ মহানবি (স.) শত্রুর নিষ্ঠুর নির্যাতনের শিকার হয়েও তাদের মুক্তি কামনা করেন এবং মহান আলাহর কাছে মোনাজাত করে বলেন, 'এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা করো।'

ক. সাফা ও মারওয়া কোথায় অবস্থিত? ১
খ. 'সুমহান প্রতিশোধ' বলতে কী বোঝায়? ২
গ. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের সঙ্গে উদ্দীপকের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের সমগ্র ভাবকে ধারণ করে না।"– কথাটির যথার্থতা বিশেষণ করো। ৪

৩. সুমন ও শ্যামল বাল্যবন্ধু। দুজনই উচ্চশিক্ষায় শিক্ষিত। পেশাগত জীবনে সুমন বড়ো ব্যবসায়ী। তার টাকাপয়সার কোনো অভাব নেই। সবাই তাকে এক নামে চেনে। আর শ্যামল শিক্ষকতাকে পেশা হিসেবে বেছে নেয়। গত সিডরে তাদের গ্রাম লন্ডভন্ড হয়ে যায়। এ সময় শ্যামল তার ছাত্রদের নিয়ে ত্রাণসামগ্রী সংগ্রহ করে অসহায় মানুষের কাছে পৌঁছে দেয়। তাদের আশ্রয়ের ব্যবস্থা করে। অথচ সুমন ছুটে এসে সাহায্যের বদলে অসহায় মানুষের কাছ থেকে নামমাত্র মূল্যে বিঘার পর বিঘা জমি কিনে নেয়।

ক. মোতাহের হোসেন চৌধুরী কোন পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন? ১
খ. 'অর্থ সাধনাই জীবন সাধনা নয়।'– এ কথা বলার কারণ কী? ২
গ. উদ্দীপকের সুমনের মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি প্রকাশিত তা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উদ্দীপকের সুমন শিক্ষার আসল উদ্দেশ্য উপলব্ধি করতে ব্যর্থ হয়েছে।'– মন্তব্যটি বিশেষণ করো। ৪

৪. কাহিনির উৎস পৌরাণিক বা ঐতিহাসিক কোনো ঘটনা, আয়তনে বিশাল। কাহিনি বিভিন্ন সর্গে বা পর্বে বিভক্ত থাকে, সাধারণত পদ্যে রচিত হয় তবে গদ্যেও হতে পারে। এর নায়ক হবে বীর প্রভাবশালী, আপসহীন দৃঢ়চেতা। কাহিনির উত্থান-পতন থাকবে।

ক. অরূপ রতন কী? ১
খ. 'শেষ হয়ে হইল না শেষ।'– কথাটি খুবই গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকের বক্তব্যে 'সাহিত্যের রূপ ও রীতি' রচনার কোন শাখার বৈশিষ্ট্য বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উদ্দীপকে বর্ণিত দিকটিই সাহিত্যের একমাত্র দিক নয় বরং শাখা প্রশাখা বিস্তৃত।'– মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫. শহর থেকে অনেক দূরে এক অজপাড়াগাঁয়ে কিছু লোক খাবারের সন্ধানে একটি দোকানে যায়। দাঁড়িপাল্লা ভেঙে যাওয়ায় দোকানদার খাবার মেপে দিতে পারছিল না। এমন সময় একটি মেয়ে উপস্থিত হয়ে একটি পাত্রে বাটখারা রেখে পানিতে ভাসাল। পাত্রটি যে পর্যন্ত পানিতে ডুবে গেল সেখানে সে দাগ কেটে রাখল। তারপর বাটখারা তুলে দাগ পর্যন্ত খাবার মেপে দেওয়ার ব্যবস্থা করল।

ক. 'জুতা-আবিষ্কার' কোন কাব্যের অন্তর্গত? ১
খ. জলের জীব জল বিনা মরল কেন? ২
গ. উদ্দীপকের মেয়েটি 'জুতা-আবিষ্কার' কবিতার যে চরিত্রের প্রতিনিধিত্ব করে তা বর্ণনা করো। ৩
ঘ. 'সমাজে উপেক্ষিতদের মাধ্যমেও অনেক গুরুত্বপূর্ণ সমস্যার তাৎক্ষণিক সমাধান সম্ভব।' বিষয়টি উদ্দীপক ও 'জুতা-আবিষ্কার' কবিতার আলোকে বিশেষণ করো। ৪

৬. অসহায় জাতি মরিছে ডুবিয়া জানে না সন্তরণ
কান্ডারি আজ দেখিব তোমার মাতৃমুক্তি পণ।
'হিন্দু না ওরা মুসলিম?' ওই জিজ্ঞাসে কোন জন?
কান্ডারি বল ডুবিছে মানুষ, সন্তান মোর মার।

ক. 'গজনি মামুদ' কে? ১
খ. 'ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা-দেওয়া দ্বার!'– বুঝিয়ে লেখো। ২
গ. কবিতার চরণগুলোতে 'মানুষ' কবিতার যে ভাবের বহিঃপ্রকাশ ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত চেতনাই গড়তে পারে মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ।'– উক্তিটি বিশেষণ করো। ৪

৭. বাদশা বাবর কাঁদিয়া ফিরিছে, নিদ নাহি চোখে তাঁর
পুত্র তাহার হুমায়ুন বুঝি বাঁচে না এবার আর
চারিধারে তাঁর ঘনায়ে আসিছে মরণ অন্ধকার।

ক. 'পল্লিজননী' কবিতার কুয়াশা বোঝাতে কবি কোন শব্দটি ব্যবহার করেছেন? ১
খ. পল্লিজননীর প্রাণ কাঁদে কেন? ২
গ. উদ্দীপকে বাদশা বাবরের সঙ্গে 'পল্লিজননী' কবিতার মাতার সাদৃশ্য নির্ণয় করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'পল্লিজননী' কবিতার মূলভাব ধারণ করে।"– মূল্যায়ন করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮. বীর মুক্তিযোদ্ধা আবু বাশার মুক্তিযুদ্ধের স্মৃতিচারণা করতে গিয়ে বললেন, পাকিস্তানি হানাদার বাহিনী নিরস্ত্র বাঙালির উপর ঝাঁপিয়ে পড়লে শুরু হয় যুদ্ধ। লোকজন দলে দলে পালাতে থাকে। আমি ভাবলাম সবাই পালালে দেশ স্বাধীন হবে কীভাবে? বুকে সাহস নিয়ে অস্ত্র হাতে ঝাঁপিয়ে পড়লাম মুক্তিযুদ্ধে।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে বর্ণিত মুক্তিবাহিনীর কমান্ডার কে? ১
খ. বুধা সেনাবাহিনী ক্যাম্পে পেয়ারা নিয়ে গিয়েছিল কেন? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের বীর মুক্তিযোদ্ধা ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মনোভাব এক ও অভিন্ন।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

৯. শাবাশ বাংলাদেশ,
এ পৃথিবী অবাক তাকিয়ে রয়
জ্বলে-পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসটি কে লিখেছেন? ১
খ. বুধা তার চাচির বাড়ি থেকে চলে যায় কেন? ২
গ. 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চিত্র উদ্দীপকটির মধ্যে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের বাংলাদেশ 'কাকতাড়ুয়া' উপন্যাসের পুড়ে যাওয়া বাজারের প্রতিরূপ।"– মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০. মাতৃহারা সাবিহা মামার বাড়িতে বড়ো হয়। মামি সাবিহাকে বোঝা মনে করে। ভাবে কোনোমতে পাত্রস্থ করলেই বেঁচে যায়। অবশেষে মামি এক বৃদ্ধের সঙ্গে বিয়ে দেয় সাবিহাকে। জীবনসচেতন সাবিহা এ বিয়ে মেনে না নিয়ে বাড়ি ছেড়ে অজানার পথে পাড়ি জমায়।

ক. নাটক কাকে বলে? ১
খ. জমিদারপত্নী খোদেজা পিরের বদদোয়াকে ভয় করতেন কেন? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকে 'বহিপীর' নাটকের আংশিক রূপ ফুটে উঠেছে, পূর্ণ রূপ নয়।"– উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১. 'নদীর এ কূল ভাঙে ও কূল গড়ে
এইতো নদীর খেলা
সকাল বেলা আমির রে তুই
ফকির সন্ধ্যাবেলা।'

ক. হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১
খ. পির সাহেবকে 'বহিপীর' বলার কারণ কী? ২
গ. উদ্দীপকের পঙ্‌ক্তিগুলোর প্রতিফলন 'বহিপীর' নাটকের কোন চরিত্রে দেখা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সার্থক প্রতিচ্ছবি নয়।"– মন্তব্যটি বিশেষণ করো। ৪

# উত্তরমালা

## ■ মডেল টেস্ট-০১ : রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ⓖ গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০২ : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | * | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |

## ■ মডেল টেস্ট-০৩ : আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৪ : ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৫ : রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হেলেনাবাদ, রাজশাহী

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৬ : বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, বগুড়া

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | * | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৭ : ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | * | ১৯ | ক | ২০ | গ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৮ : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |

## ■ মডেল টেস্ট-০৯ : বরিশাল জিলা স্কুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-১০ : সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | * | ৩০ | গ |